ANECDOTES

OF

VIRTUE AND VALOUR.

TRANSLATED INTO BENGALEE,

and printed with the English and Bengalee on opposite pages.

PART I.

FROM THE SERAMPORE PRESS.

1820.

College of Fort William



সদ্‌গুণ ও বাক্যের হাতহাস।

সকল লোকের হিতার্থে বাঙ্গলা ভাষায় তর্জ্জমা।

করা গেল।

তাহার এক দিগে ইঙ্গরেজী ও এক দিগে বাঙ্গলা।

প্রথম ভাগ।

শ্রীরামপুরে ছাপা হইল

১৮২৯।

ANECDOTES.

1. *Aristides.*

ARISTIDES who lived in Athens before the Christian era, was so equitable in all things that he was honored with the sirname of "just", and acquired great influence over his fellow citizens. It was a custom among the Athenians to expel those citizens who had obtained such an ascendancy over the people, as appeared to endanger the stability of the government. On these occasions those who had a right to give their votes wrote the name of the person whom they desired to banish on a shell, and delivered it to the officers. Aristides was held in such general esteem, that it was determined thus to banish him from the city. On the day appointed for the decision of this question, he himself came into the assembly; and a man who stood near him and was unable to write, asked

ইতিহাস।

১ আরিষ্টেডিস।

খ্রীষ্টীয়ান শকের পূর্ব্বে আরিষ্টেডিসনামক এক জন আথেন্সনগরে বাস করিতেন। তিনি সকল কর্ম্মে এইমত যাথার্থিক ছিলেন যে তিনি যাথার্থ্যের উপাধিতে খ্যাত হইলেন এবং স্বনগরবাসিরা তাঁহার অতিবশতাপন্ন হইল। আথেনীয়লোকেরদের মধ্যে এই ব্যবহার ছিল যে লোকেরদের মধ্যে যাহারা এইমত মান্য হইত যে তদ্দ্বারা স্থাপিত রাজশাসনের স্থৈর্য্যের বিষয়ে সংশয় জন্মিত তাহারদিগকে নগরবহির্ভূত করিত। এইং গতিকে যাহারদের তদ্বিষয়ে আপনারদের সম্মতি অসম্মতি দিতে অধিকার ছিল তাহারা যে ব্যক্তিকে নগরবহির্ভূত করণের ইচ্ছা করিত তাহার নাম এক ঝিনুকের উপরে লিখিয়া আমলারদিগকে দিত। আরিষ্টেডিস লোকেরদের মধ্যে এমত মর্য্যাদান্বিত ছিলেন যে তাঁহাকে এইরূপে নগরবহির্ভূত করিতে নিশ্চয় করা গেল। এই কর্ম্মসম্পাদনের নিমিত্তে যে দিন নিরূপিত হইয়াছিল সেই দিনে আরিষ্টেডিস স্বয়ং সভার মধ্যে উপস্থিত হইলেন এবং তা

Aristides, whom he did not know, to write his name on a shell for him. Do you know Aristides then? asked he. No, replied the ignorant citizen. Has he injured you in any thing? enquired Aristides. No; but wherever I go I hear of nothing but of the justice of Aristides; and being weary of this repetition, I wish to have him banished. Aristides, without saying another word, took the shell and wrote his own name upon it. The assembly decreed that the unoffending Aristides should be banished for the excess of his justice.

2. *Aristides's reply.*

Aristides having to judge a cause between two litigants, one of them repeated all the injurious language which his adversary had used respecting Aristides. Relate rather, good friend, said he, the injury he

হ্বার সমীপে দণ্ডায়মান এক ব্যক্তি আপনি লিখিতে নাপারাতে আরিষ্টৈডিসকে না জানিয়া তাঁহাকে আপননাম ঝিনুকের উপরে লিখিতে যাচ্ঞা করিল। আরিষ্টৈডিস তাহাকে জিজ্ঞাসা করিলেন যে তুমি তাঁহাকে জান মূর্খ প্রত্যুত্তর করিল না আমি তাঁহাকে জানি না। আরিষ্টৈডিস পুনশ্চ জিজ্ঞাসা করিলেন তিনি কখন তোমার হিংসা করিয়াছেন সে প্রত্যুত্তর করিল না। কিন্তু আমি যেখানে যাই সেই খানে আরিষ্টৈডিসের যাথার্থিকতাব্যতিরেকে আর কিছু শ্রবণ করি না এবং ইহা পুনঃ শুনিতে বিরক্ত হইয়া আমি তাঁহাকে নগরবহির্ভূত করিতে চাহি। আরিষ্টৈডিস আর এক কথা না কহিয়া ঝিনুক লইলেন এবং তাহাতে আপননাম লিখিলেন। পরে সভাস্থ লোকেরা এই আজ্ঞা করিলেন যে অহিংসক আরিষ্টৈডিস কেবল আপনার যাথার্থ্যের আতিশয্যের নিমিত্তে নগরবহির্ভূত হইবে।

২ আরিষ্টৈডিসের উত্তর।

আরিষ্টৈডিসের দুই বিবাদির মোকদ্দমার বিচার করিতে হইল। তাহারদের মধ্যে এক জন আপন বিপক্ষ আরিষ্টৈডিসের বিষয়ে যত তিরস্কারবাক্য কহিয়াছিল তাহার প্রসঙ্গ করিতে লাগিল। আরিষ্টৈডিস কহিলেন যে হে মিত্র তো

hath done thee; for it is thy cause, and not my own that I am to judge.

3. *Aristides and the poet.*

A poet having a cause before Aristides, entreated him to stretch a point in his favor; on which Aristides replied, If you contracted or lengthened your lines contrary to the just measure of poetry, you would not be a just poet; how then could I be esteemed a good judge, if I decided aught in opposition to law or justice.

4. *Solon.*

Anacharsis was accustomed to deride the mild laws of Solon, saying, that laws were like cobwebs; as the weak fly is caught in them, while the vigorous insect breaks through them, so the poor delinquent is caught in the web of the law, while the rich man breaks through it.

মার বিপক্ষ তোমার উপরে যে হিংসা করিয়াছে তাহা বর্ণনা কর যেহেতুক আমি আপনার মোকদ্দমা করিতে বসি নাই কিন্তু তোমার মোকদ্দমা।

৩ আরিষ্টৈডিস ও কবি।

আরিষ্টৈডিসের নিকটে এক জন কবির মোকদ্দমা উপস্থিত ছিল কবি তাহাকে আপনপক্ষে ব্যবস্থা কিছু হেলাইয়া দিতে মিনতি করিল। তাহাতে আরিষ্টৈডিস এই উত্তর প্রদান করিলেন যে তুমি যদি কবির ব্যবস্থার বিপরীতে সূত্র ছোট বড় লিখিতা তবে কি প্রকৃত কবির মধ্যে গণ্য হই তা অতএব আমি যদি ন্যায় অথবা ব্যবস্থার বিপরীতে কিছু আজ্ঞা করি তবে আমি কিরূপে প্রকৃত বিচারকর্ত্তার মধ্যে গণ্য হইব।

৪ সোলন।

সোলনের কোমল ব্যবস্থার বিষয়ে আনাখার্সিস নিত্য উপহাস করিয়া কহিতেন যে ব্যবস্থা মাকড়সার জালের মত। যেমন দুর্ব্বল মক্ষিকা তাহাতে ধরা পড়ে এবং বলবান ভ্রমর তাহা ভাঙ্গিয়া পলায় তেমন দরিদ্র অপরাধী ব্যবস্থার জালের মধ্যে ধরা পড়ে কিন্তু ধনবান ব্যক্তি তাহা ভাঙ্গিয়া পলায়ন করে।

5. *Fabius and Hannibal.*

In the war between the Carthaginians, and the Romans, Hannibal commanded the armies of the former, Fabius, those of the latter. An exchange of prisoners was agreed on between them on this condition, that he who had the fewer in number, should pay down in money the ransom of the remainder. On counting the prisoners, it was found that the Roman captives in the hands of the Carthaginians were two hundred and forty in excess. Fabius informed the Roman Senate of the particulars of the compact, and the excess of the prisoners, but they refused to ratify the contract or to send the money. They moreover reproached Fabius, with having engaged to free men who by their cowardice had fallen into disgrace. Fabius received the rebuke with calmness, but judged in his own mind that though it might be just to leave men in captivity who had behaved with such pusillanimity, yet it would be still more just to fulfil an

৫ ফেবিয়স ও হানিবাল।

কার্থেজের লোকেরদের সহিত রোমাণেরদের যে যুদ্ধ হইয়াছিল তাহাতে হানিবাল পূর্ব্ব লিখিতেরদের অধ্যক্ষ এবং ফেবিয়স রোমাণেরদের সেনাপতি ছিলেন। তাঁহারা এই নিয়মে পরস্পর যুদ্ধে ধৃত ব্যক্তিরদের পরিবর্ত্ত করিতে নিশ্চয় করিলেন যে যে পক্ষের ধৃত ব্যক্তির সংখ্যা অধিক হয় তিনি অবশিষ্ট ব্যক্তির পরিবর্ত্তে মুল্য প্রদান করিবেন। ধৃত ব্যক্তিরদের সংখ্যাকরণে ইহা দেখা গেল যে রোমাণেরদের দুই শত চল্লিশ জন অধিক ধৃত ব্যক্তি কার্থেজেরসেনাপতির নিকটে আছে। তাহাতে ফেবিয়স রোমাণেরদের মহাসভাস্থ দিগকে ঐ সন্ধির বেওরা এবং ধৃত ব্যক্তির আধিক্য জানাইলেন কিন্তু তাঁহারা সেই সন্ধিপত্রে সহী করিতে অথবা টাকা প্রেরণ করিতে অস্বীকৃত হইলেন। তাঁহারা আরো ফেবিয়সকে এই বিষয়ে ভৎর্সনা করিলেন যে তিনি আপনারদের নিঃসাহসে অপমানিত ব্যক্তিরদিগকে মুক্ত করিতে নিয়ম করিয়াছিলেন। ফেবিয়স তাঁহারদের তিরস্কার বাক্য অতিশয় ধৈর্য্যরূপে শুনিলেন কিন্তু এই বিবেচনা করিলেন যে যাহারা এই মত ভীতরূপে আচার করিয়াছিল তাহারদিগকে কয়েদে থাকিতে দেওয়া উপযুক্ত বটে কিন্তু স্বীকৃত নিয়ম পালি

engagement. Determining therefore that no stain should be fixed on the Roman name through any act of his, he sent his son to Rome to sell all his lands. His son having sold them, returned with the money which Fabius faithfully counted out to Hannibal.

6. *The King of Persia.*

An officer of one of the kings of Persia solicited him for some place, which if conferred, would have been an act of injustice. The king having afterwards heard, that it was in the prospect of obtaining thirty thousand rupees, that he had solicited the post, determined to pay that sum himself. Then calling the officer he ordered him to go to his treasurer for it, saying, receive it as a token of my friendship for you; a gift of this nature cannot make me poor, but to have granted your inequitable request would have made me poor indeed, for it would have made me unjust.

পূর্ব্বক্রোপেক্ষা যাথার্থ্য আর কি অতএব তাঁহার কোন ক্রিয়াতে রোমাণেরদের নামে যেঁ কলঙ্ক না হয় এতদর্থে তিনি আপন পুত্রকে আপনার সকল ভূমি বিক্রয় করিতে ক্রমনগরে প্রেরণ করিলেন। সে পিতার ভূমি বিক্রয় করিয়া টাকা লইয়া ফিরিয়া আইল এবং ফেবিয়স অতি যথার্থরূপে সেই সকল টাকা হানিবালকে গণিয়া দিলেন।

৬ পারসীদেশের বাদশাহ্।

পারসীদেশের বাদশাহের এক আমলা তাঁহার স্থানে এক পদ প্রার্থনা করিল সেই পদ তাহাকে দিলে অন্যায় হইত। সে ব্যক্তি ত্রিশ হাজার টাকা প্রাপণের লোভে সেই পদ প্রাথনা করিয়াছিল বাদশাহ্ ইহা শুনিয়া আপনি সে টাকা দিতে স্থির করিলেন। অপর বাদশাহ্ আমলাকে ডাকিয়া ইহা কহিয়া তাহাকে সেই টাকা খাজাঞ্চির নিকটে লইতে হুকুম করিলেন যে তুমি তাহা আমার অনুগ্রহের চিহ্নের স্বরূপ গ্রহণ কর। এই প্রকার দানে আমি দরিদ্র হইব না কিন্তু তোমার অন্যায় প্রার্থনা পূর্ণ করিলে আমি সত্য দরিদ্র হইতাম যেহেতুক তাহাতে আমার অন্যায় ক্রিয়া হইত।

7. *Noushirvan.*

Noûshirvan, the king of Persia, being out hunting one day, became desirous of eating some venison upon which some of his attendants went to a neighbouring village and took away a quantity of salt to season it with; but the King suspecting that they had brought the salt without paying for it, ordered them to return and pay its price. Then turning to his attendants, he said, this is a small matter in itself, but it is a great one as it regards me; for a King is an example to his subjects, and ought ever to be just; if I were to pluck only a single fruit from a poor man's tree without paying for it, my servants would the next day strip the tree of all its fruit.

8. *A Sovereign's duty.*

Solyman, the emperor of the Turks, having conquered the city of Belgrade, a poor woman complained bitterly to him that some of his soldiers had carried off her cattle in which her whole wealth consisted. You must have

৭ নৌশিরবান।

নৌশিরবাননামক পারসী দেশের বাদশাহ্ এক দিবস মৃগয়া করিতে২ হরিণের মাংস খাইতে ইচ্ছা করিলেন তাহাতে তাঁহার কএক অনুচর তাহা সুস্বাদু করণার্থে নিকটবর্ত্তি এক গ্রামে গমন করিয়া যৎকিঞ্চিৎ লবণ লইল। তাহাতে বাদশাহের মনে এই সন্দেহ জন্মিল যে বিনামূল্যে অবশ্য লবণ আনিয়াছে অতএব তাহারদিগকে প্রত্যাগমন করিয়া তাহার মূল্য দিতে আজ্ঞা করিলেন। অপর অনুচরেরদের দিগে ফিরিয়া কহিলেন বাস্তবিক ইহা এক ক্ষুদ্র বিষয় বটে কিন্তু আমার সম্বন্ধে ইহা অতিভারি ব্যাপার কেননা বাদশাহ্ আপন প্রজার আদর্শ অতএব তিনি যাথার্থিক না হইলেই নয়। যদি আমি মূল্য না দিয়া দরিদ্র ব্যক্তির বৃক্ষহইতে কেবল একটি ফল পাড়ি তবে পর দিবসে আমার চাকরেরা গিয়া তাহার বৃক্ষে আর একটি ফলও রাখিবে না।

৮ রাজার নীতিকর্ম্ম।

তুরুকীয়েরদের বাদশাহ্ সোলিমান মেলগ্রেদ নগর দখল করিলে দরিদ্র এক স্ত্রী রোদন করণপূর্ব্বক আসিয়া তাঁহার নিকটে এই নালিশ করিল যে কতক সৈন্য তাহার যে গবাদিতে তাহার সর্ব্বস্ব ছিল তাহা হরণ করিয়াছে বাদ

been in a deep sleep, said Solyman, not to have heard the robber. I did indeed sleep soundly, replied the woman, but it was in the confidence that you watched for the public safety. The Emperor, far from resenting her speech, made her ample amends for her loss.

9. *Hakim the Caliph.*

Hakim, the Caliph wishing to enlarge his palace, proposed to purchase from a poor woman, a piece of ground that lay contiguous to it, but as she refused to part with the inheritance of her forefathers, his officers seized the ground for the Caliph's use. The poor woman immediately complained of this outrage to the chief magistrate of the city who foresaw great difficulty in the affair. He therefore took a large empty sack, and mounting his horse, rode to the Caliph and besought permission to fill it with earth from his newly acquired garden. Hakim showed some surprize at the request, but allowed him to fill the sack. When this was completed, he

শাহ্ উত্তর করিলেন যে তুমি যদি ডাকাইতেরদে
র শব্দ না শুনিলা তবে সে সময়ে তোমার অবশ্য
অতিশয় নিদ্রা ছিল। তাহাতে স্ত্রী এই প্রত্যুত্তর ক
রিল যে আমি নিদ্রিত ছিলাম বটে কিন্তু এই ভর
সাতে ঘুমাইলাম যে আপনি সকলের মঙ্গলের
নিমিত্তে জাগ্রৎ ছিলেন। বাদশাহ্ তাহার এই
কথাতে কিছু বিরক্ত না হইয়া তাহার হৃত বস্তু
সকল ফিরিয়া দিলেন।

৯ হাকিম কালিফ।

হাকিমনামক কালিফ আপন রাজবাটীর কি
ঞ্চিৎ বৃদ্ধি করিতে মনস্থ করিয়া তাহার সন্নিহিত
এক খণ্ড ভূমি এক দরিদ্র স্ত্রীর স্থানে ক্রয় করিতে
প্রসঙ্গ করিলেন কিন্তু সে স্ত্রী আপন পৈতৃক অধি
কার বিক্রয় করিতে সম্মত না হওয়াতে আমলা
রা কালিফের নামে তাহা বলপূর্ব্বক দখল করি
ল। দরিদ্র স্ত্রী এই অত্যাচারের বিষয়ে নগরের
প্রধানাধ্যক্ষের নিকটে তৎক্ষণাৎ নালিশ করি
ল তিনি দেখিলেন যে এই বিষয় অতিশয় শ
ঙ্কাজনক। অতএব তিনি একটা থৈলী লই
য়া অশ্বারোহণপূর্ব্বক কালিফের নিকটে গমন
করিয়া সেই থৈলী তাঁহার নবপ্রাপ্ত উদ্যানের
মৃত্তিকাতে পরিপূর্ণ করিতে অনুমতি প্রার্থনা করি
লেন। হাকিম তাহার এই প্রার্থনাতে চমৎকৃত হই
লেন কিন্তু তাহাকে ঐ থৈলী পরিপূর্ণ করিতে অ

farther besought the Caliph to assist him in lifting it on the ass. This extraordinary request surprized Hakim still more, but he only replied to the magistrate that it was too heavy. The judge then with an undaunted courage said, this sack, O sovereign, contains but a small portion of the ground you took by violence from the right owner. If you find it too heavy to bear, how will you sustain the weight of the whole, when you come to be judged of God? The Caliph instantly restored to the poor woman all the land he had taken from her.

10. *Fatal effects of a bribe.*

A poor man in Turkey, had his house seized by his rich neighbour; he held deeds which proved his right, but his opponent had hired a number of witnesses to invalidate them, and to secure his cause had presented the Cazi with 500 Rupees.

সুযুক্তি প্রদান করিলেন। থৈলী পূর্ণ হইলে তিনি কালিফের নিকটে আরো এই যাচ্ঞা করিলেন যে গর্দ্দভের উপরে তাহা উঠাইতে আপনি আমার সহায়তা করুন। হাকিম এই অত্যাশ্চর্য্য নিবেদনে অধিক চমৎকৃত হইলেন কিন্তু কেবল এই উত্তর করিলেন যে তাহা অতিবাদ ভারী। তাহাতে নগরাধ্যক্ষ অদম্য সাহসপূর্ব্বক কালিফকে ইহা কহিলেন যে হে মহারাজ যে ভূমি আপনি বলের দ্বারা যথার্থাধিকারিণীহইতে হরণ করিলেন তাহার কেবল কিঞ্চিন্মাত্র এই থৈলীতে আছে যদি আপনি ইহার ভার এক্ষণে সহিতে না পারেন তবে ঈশ্বরের নিকটে বিচার হওনসময়ে তাবৎ ভূমির ভার কিপ্রকারে সহিবেন। কালিফ তৎক্ষণাৎ দরিদ্র স্ত্রীকে সেই হৃত ভূমি ফিরিয়া দিলেন।

১০ ঘুষের অশুভ ফল।

তুরুক দেশে এক ব্যক্তি দুঃখির গৃহ তাহার ধনবান প্রতিবাসী হরণ করিয়া লইল। দরিদ্রের নিকটে আপন স্বত্ব সাব্যস্ত করণোপযুক্ত পাট্টাপ্রভৃতি সমুদায় ছিল কিন্তু তাহার বিপক্ষ সেই পাট্টাপ্রভৃতি অপ্রমাণকরণার্থে কতক বরখাস্তিয়াকে টাকা দিয়া আনিল এবং মোকদ্দমাতে জয়হওনার্থে কাজীকে পাঁচ শত টাকা ঘুষ দিল।

When the cause came into court, the poor man told his story, and produced his writings but could bring forward no witnesses to substantiate them. His adversary, having a number of hired witnesses, laid the whole weight of his cause on their evidence, and requested the Cazi to decree the property in his favor on the ground that the poor man had failed to establish his right.

The Cazi on this drew from under his seat the five Hundred Rupees which he had received as a bribe, and flinging the bag with indignation at the opulent oppressor, said, if the poor man has no witnesses to substantiate his case, I now produce five hundred to invalidate your claim. Having said this, he decreed the cause in his favor.

11. *The father and the son.*

A grocer in the city of Smyrna had a son who by his own talents and industry rose to the rank of Naib Cazi; in this capacity he visited the markets and inspected the

IMPERIAL

মোকদ্দমা আদালতে উপস্থিত হইলে দরিদ্র ব্যক্তি সকল বেওরা কহিল এবং পাট্টাপ্রভৃতি দাখিল করিল কিন্তু তাহা প্রমাণ করণার্থে কোন সাক্ষিকে উপস্থিত করিতে পারিল না। তাহার শত্রুর আপন পক্ষে অনেক মিথ্যা সাক্ষিথাকাতে সে আপন মোকদ্দমার তাবৎ ভার সাক্ষিরদের উপরে রাখিল এবং দরিদ্র ব্যক্তি যে তাহার স্বত্ত সাব্যস্ত করিতে পারিল না ইহা কহিয়া কাজীকে ডিক্রী করিতে প্রার্থনা করিল।

কাজী ইহাতে আপনার আসনহইতে যে পাঁচ শত টাকা ঘুষ পাইয়াছিলেন তাহার থৈলী বাহির করিয়া অতিশয় কোপপূর্ব্বক ধনবান অত্যাচারির উপরে নিক্ষেপ করিয়া কহিলেন যে যদ্যপি দরিদ্র ব্যক্তির আপন মোকদ্দমা সাব্যস্তকরণার্থে সাক্ষী নাই তথাপি তোমার দাওয়া যে মিথ্যা ইহার আমি এই পাঁচ শত সাক্ষী দিই ইহা কহিয়া তিনি দরিদ্র ব্যক্তির পক্ষে মোকদ্দমা ডিক্রী করিলেন।

১১ পিতা ও পুত্র।

স্মর্ণানামক নগরে এক বণিকের পুত্র আপন গুণ ও পরিশ্রমের দ্বারা কাজীর নায়েবী পদপ্রাপ্ত হইল এই পদের উপলক্ষে সকল উম্মান ও পরিমাণের

weights and measures. His father was in the habit of using false weights, but trusting to his relationship refused to conceal them before the periodical inspection. The Naib, coming to his shop desired him to produce his weights; instead of obeying, however, he evaded the order with a laugh. But his son was inflexible and ordered his servants to bring forth the weights, and after an impartial examination finding them false, condemned them to be destroyed, and sentenced the culprit to pay a fine, and to receive 50 strokes of the ratan.

The punishment was inflicted in his presence, after which the Naib leaped from his horse, threw himself at his father's feet, and bathing them with his tears, said, I have discharged my duty father to God and to my sovereign; permit me now by my respect and submission to acquit myself of the debt I owe to you. Justice is the attribute of God; it is blind, it has no regard to

তদারক করণার্থে সে সকল হাট সন্দর্শন করিতে গেল। তাহার পিতা কমী বাটখারা লইয়া ব্যবহার করিত কিন্তু আপন কুটুম্বিতার উপরে ভরসা রাখিয়া সাময়িক তদারককরণের পূর্ব্বে তাহা গোপন করিতে ত্রুটি করিল। নায়েব তাহার দোকানে পঁহুছিয়া তাহার বাটখারা বাহিরে আনিতে তাহাকে আজ্ঞা করিল কিন্তু সে হাস্য করত টালমটাল করিতে লাগিল। পরে তাহার পুত্র দৃঢ় প্রতিজ্ঞা করিয়া আপনার ভৃত্যকে বাট খারা বাহির করিতে আদেশ করিল এবং অতি সূক্ষ্মরূপে বিচারকরণের পর তাহা কমী দেখিয়া তাহা ভাঙ্গিতে হুকুম দিল এবং দোষী ব্যক্তির জরীমানা করিয়া পঞ্চাশ বেত্রাঘাত করিতে হুকুম দিল।

সেই দণ্ড তাহার সম্মুখে করা গেল এবং তাহার পর নায়েব আপন অশ্বহইতে অবরোহণ করিয়া আপনার পিতার পদতলে পতিত হইয়া অতিশয় রোদনপূর্ব্বক কহিল যে হে পিতঃ ঈশ্বরের নিকটে এবং রাজার নিকটে যে কর্ত্তব্য কার্য্য ছিল তাহা এক্ষণে আমি সম্পূর্ণ করিলাম সম্প্রতি আদর ও বিনয়ের দ্বারা আপনার নিকটে আমার যে ন্যায্য কর্ম্ম তাহা আমি সম্পন্ন করিতেছি। যথার্থতা ঈশ্বরের এক গুণ যথার্থতা অঙ্ক কুটু

the ties of kindred; you had offended a-gainst the laws of your country, and therefore deserved the punishment you have received, but that it was destined to be inflicted by me is a matter of the most poignant grief. Behave better for the future, and instead of censuring me, pity me for being reduced to so distressing a condition.

The whole city was filled with astonishment at this decision, and a report of it having been made to the grand Signior, he promoted the Naib to the office of Mufti.

12. *Henry of England.*

Henry the 5th of England, when prince, was in the habit of associating with a band of licentious men who led him into all kinds of vice. A servant of his was indicted for a misdemeanor and condemned to punishment; the prince was so incensed at the result of the trial that he rushed into the court and commanded his servant to be set at li-

স্মিতার উপর কিঞ্চিন্মাত্রাবলোকন করে না তুমি আপনার দেশের ব্যবস্থা উল্লঙ্ঘন করিয়াছিলা অতএব যে দণ্ড তুমি পাইয়াছ তাহা যথার্থ কিন্তু সেই দণ্ড যে আমার আজ্ঞার দ্বারা হইল ইহা অতিশয় দুঃখের বিষয়। উত্তরকালে উত্তম ব্যবহার করা এবং আমাকে অনুযোগ না করিয়া বরং যে আমি এই মত দুঃখকর অবস্থায় পড়িয়াছি এ বিষয়ে আমাকে দয়া কর।

নগরস্থ তাবৎ লোক এই ফৈসালা শ্রবণকরিয়া আশ্চর্য্য বোধ করিল এবং ইহার সমাচার মহারাজের নিকটে পঁহুছিলে তিনি মায়েবেক মুন্সীর পদ প্রদান করিলেন।

১২ ইংগ্লণ্ডদেশের হেনরি

ইংগ্লণ্ডদেশের পঞ্চম হেনরি বাদশাহ যখন যুবরাজ ছিলেন তখন তিনি কতক জন লস্কটের সঙ্গে ব্যবহার করিতেন ঐ লস্কটেরা তাহাকে সকল প্রকার অত্যাচারকরণে লওয়াইল। তাঁহার এক জন চাকর কোন অপরাধে নালিশগুস্ত হইয়া তাহার দণ্ডাজ্ঞা হইল। যুবরাজ ঐ মোকদ্দমার এরূপ নিষ্পত্তিহওয়াতে এমত রাগান্বিত হইলেন যে তিনি হঠাৎ আদালতে দৌড়িয়া আপনার ভৃত্যকে মুক্ত করিতে আজ্ঞা

berty. The presiding judge Gascoigne, mildly reminded him of the respect due to the ancient laws of the realm, and advised him to apply to his father the king for a pardon, since he alone had the power of granting it. The prince unappeased by this just answer, turned towards his servant and attempted to take him by force out of the hands of the officers; upon which the judge commanded him to leave the court. Henry was roused to a fury, and rushed to the judgment seat, with the intention of assaulting the judge; but he sitting unmoved, and regarding him with a stern countenance thus addressed him; "Sir, remember your own dignity. I here hold the place of your father. In his name, therefore, I command you to desist from this unlawful enterprize, and henceforth not to set such an example before those who will hereafter be your subjects. For the contempt of the court and disobedience of the laws which you have shown, I commit you to prison, where you are to re-

করিলেন। তৎসময়ে গেস্কোইননামক জজ সভা পতি ছিলেন। তিনি অতিশয় বিনয়পূর্ব্বক তাঁহাকে কহিলেন যে দেশের প্রাচীন ব্যবস্থার মর্য্যাদা রক্ষাকরা তোমার অবশ্যকর্ত্তব্য এবং আপনার পিতার স্থানে ভৃত্যের নিমিত্তে ক্ষমা প্রার্থনাকরণার্থে আপনাকে পরামর্শ দি যেহেতুক তিনিব্যতিরিক্ত অন্য সকল লোক ক্ষমা করণে অক্ষম। যুবরাজ এই যথার্থ প্রত্যুত্তরে ক্ষান্ত না হইয়া আপনার চাকরের প্রতি ফিরিয়া বলপূর্ব্বক তাহাকে দণ্ডনায়কেরদের হস্ত হইতে উদ্ধার করিতে উদ্যোগ করিলেন। তাহাতে জজসাহেব তাঁহাকে আদালতহইতে প্রস্থান করিতে হুকুম দিলেন। যুবরাজ ইহাতে রাগানলে প্রজ্বলিত হইয়া জজসাহেবের উপরে অত্যাচারকরণার্থে বিচারাসনপর্য্যন্ত ধাবমান হইলেন। বিচারকর্ত্তা ইহাতে কিঞ্চিন্মাত্র উদ্বিগ্ন না হইয়া অতিশয় কঠিনরূপে তাহার উপর দৃষ্টিপাত করিয়া কহিলেন যে হে মহাশয় আপন গৌরবের স্মরণ কর আমি এই স্থানে আপনকার পিতার প্রতিনিধিস্বরূপ আছি অতএব তাঁহার নামে আমি তোমার এই উদ্যোগ নিবৃত্ত করিতে আজ্ঞা দি এবং ইহার পর আপনার ভাবি প্রজারদের সম্মুখে এরূপ অত্যাচার দর্শাইও না। তুমি যে-আদালতের অবজ্ঞা ও আজ্ঞালঙ্ঘন করিয়াছ এইহেতুক আমি তোমাকে কারাগারে প্রের

main until the pleasure of your father be known."

The prince sensible by this time of the insult he had offered to one invested with his father's dignity, went with the officers to prison without resistance. His father on hearing of the circumstance released his son, exclaiming, "How happy is the king who has a judge possessed of such courage! How much greater is his happiness who possesses a son willing to submit to the punishment inflicted on him for a breach of the laws!"

"When the prince on the death of his father came to the throne, he thoroughly reformed his conduct, and became one of the noblest monarchs who ever swayed the British sceptre. He also sent for the chief justice and highly extolled his courage, and said, that if all his judges possessed equal courage he should esteem himself a fortunate monarch.

13. *Fire purifies every thing.*

Louis the fourteenth, the king of France, par-

ণ করিতেছি এবং যেপর্য্যন্ত এ বিষয়ে তোমার পিতার আজ্ঞা না পাওয়া যায় সেপর্য্যন্ত তোমার কারাগারে থাকিতে হইবে।

যুবরাজ অতঃপর আপন পিতার মহিমান্বিত ব্যক্তির যে এরূপ অমর্য্যাদা করিয়াছেন এবিষয়ে সচেতন হইলেন ও কিছু প্রতিবন্ধকতা না করিয়া পদাতিকেরদের সহিত কারাগারে গমন করিলেন। তাঁহার পিতা এই বিবরণ অবগত হইয়া পুত্রকে মুক্ত করিয়া কহিলেন যে, এরূপ সাহসী জজ যে বাদশাহের নিকটে থাকে সে বাদশাহ ধন্য কিন্তু যে বাদশাহের এইমত পুত্র থাকেন যে তিনি আজ্ঞালঙ্ঘনের শাস্তি সহিবেন সে রাজা তাহাহইতে ধন্য।

যুবরাজ সিংহাসনে উপবিষ্ট হইলে তিনি আপনার অসদাচার একেবারে পরিত্যাগ করিলেন, এবং যাঁহারা ইংলণ্ডের মধ্যে রাজদণ্ড ধারণ করিয়াছেন তাঁহারদের মধ্যে শ্রেষ্ঠতমরূপে গণ্য হইলেন আরো তিনি ঐ জজসাহেবকে আহ্বানপূর্ব্বক তাঁহার সাহসের প্রশংসা করিয়া কহিলেন যে এমত সাহস যদি আমার সকল জজের হইত তবে আমি আপনাকে সৌভাগ্য জ্ঞান করিতাম।

১৩ অধ্যায়ে সকলের সংস্কার হয়।

ফ্রান্সদেশের বাদশাহ চতুর্দ্দশ লুইস অতিশয়

doned a nobleman who had committed a very heinous crime. The chancellor, hastened to him, and said, Sire, if you pardon him, justice will be violated. The king replied, I have already given him my promise, how can I retract? fetch me the great seal. The seal having been brought, the king affixed it to the pardon, and returned it to the chancellor. The chancellor with a noble courage replied, I cannot receive it, Sire, it is polluted. What a dilemma, exclaimed the king, you are an impracticable man. Having said this, he threw the pardon into the fire. Now, replied the chancellor, I will take the seal back with pleasure, for fire purifies all things.

14. *Supremacy of the Laws.*

A merchant in England brought a suit against the king of Spain, and obtained a decree against him. The embassador of the Spanish king, however, refused to pay the money; on

ঘোরাপরাধগ্রস্ত এক ওমরার অপরাধ ক্ষমা করিলেন। তাঁহার প্রধান বিচারকর্ত্তা তৎক্ষণাৎ তাঁহার সন্নিধানে আসিয়া কহিলেন যে মহারাজ তাহাকে ক্ষমা করিবেন না করিলে যথার্থতা নষ্ট হয়। রাজা কহিলেন আমি ঐ বিষয় অঙ্গীকার করিয়াছি কি রূপ অন্যথা করি অতএব রাজমোহর আমার নিকটে আন। তাহাতে ঐ মোহর তাঁহার নিকটে আনা গেলে তিনি ঐ ক্ষমাপত্রে মোহর করিয়া পুনর্ব্বার প্রধান বিচারকর্ত্তাকে দিলেন। কিন্তু তিনি অতিপ্রশংসনীয় সাহস পূর্ব্বক রাজাকে কহিলেন যে মহারাজ আমি তাহা পুনর্ব্বার সংস্পর্শ করিতে পারি না তাহা অপবিত্র হইয়াছে। বাদশাহ কহিলেন কি দায় তোমার সঙ্গে কোন প্রকারে পারা যায় না। ইহা কহিয়া তিনি সেই ক্ষমাপত্র অগ্নিতে নিক্ষেপ করিলেন। তাহাতে বিচারকর্ত্তা কহিলেন যে মহারাজ এখন আমি মোহর পুনর্ব্বার গ্রহণ করিতে পারি যেহেতুক অগ্নিতে সকল বস্তুর সংস্কার হয়।

১৪, ব্যবস্থার মহিমা।

ইংগ্লণ্ড দেশস্থ এক বনিক্ স্যাম দেশের রাজার নামে নালিশ করিয়া আপন পক্ষে ডিক্রী প্রাপ্ত হইল। কিন্তু স্যাম রাজার প্রতিনিধি আপন প্রভুর পক্ষ হইয়া সেই টাকা দিতে অস্বীকার করি

which the judge pronounced a sentence of outlawry against the king. On hearing this the embassador immediately paid down the money, because there were at that time various suits depending between the king of Spain and the English merchants in the Courts, and till the sentence of outlawry should be reversed the king could not plead in the court, and would consequently be a great loser.

15 *The Emperor of Russia.*

When the embassador of Peter, the emperor of Russia, was arrested in England for debt, his master expressed his astonishment that the individual who represented him should be treated with such indignity. But when he was informed that the king of England himself had no power to dispense with the laws of the kingdom, he was overcome with surprize.

16 *Impartiality.*

One of the judges of England in passing

লণ্ডাহাতে জজসাহেব ফ্লানের রাজাকে ব্যবস্থার উপকারের বহির্ভূত করিলেন। ইহাতে ঐ প্রান্ত নিধি তৎক্ষণাৎ সেই ডিক্রীর টাকা দিলেম যেহেতুক তৎসময়ে আদালতে ফ্লানীয় রাজার ইংগ্লণ্ডীয় বণিকেরদের সহিত অনেক মোকদ্দমা উপস্থিত ছিল এবং যেপর্য্যন্ত সেই ব্যবস্থা বহির্ভূতের আজ্ঞা অন্যথা না করা যাইত সেইপর্য্যন্ত ফ্লানীয় রাজা কোন বিষয়ে সওয়ালজওবাব করিতে পারিতেন না এবং তাঁহার অনেক ক্ষতি হইত।

১৫ রুস দেশের বাদশাহ্।

যখন রুসীয় বাদশাহ্ পিতরের উকীল ইংগ্লণ্ড দেশে ঋণের নিমিত্তে কয়েদ হইল তখন তাহার প্রভু আপনার প্রতিনিধি যে এইরূপ অপমান গ্রস্ত হইল এতদ্বিষয়ে আশ্চর্য্য দর্শাইলেন। কিন্তু যখন তিনি শুনিলেন যে ইংগ্লণ্ড দেশের রাজা স্বয়ং দেশের ব্যবস্থার বিপরীত কোন কর্ম্ম করিতে অক্ষম তখন তিনি একেবারে আশ্চর্য্যেতে মগ্ন হইলেন।

১৬ অপক্ষপাতিতা।

ইংগ্লণ্ডদেশে এক জন জজসাহেব দেশের

through the country, observed an elegant new church; on hearing the name of the individual who had built it, he enquired whether it were not the same man who had a suit in his court, and being informed that it was, replied, he shall fare none the worse for having built a church. The next day, the gentleman hearing of the circumstance, sent the judge a present of fruit and poultry. The judge sent it back to him immediately, saying, he shall not fare the better for his fruit and poultry.

17. *Paying for a Buck.*

About a hundred and fifty years ago an English judge, remarkable for his equity received a present of a buck from a gentleman, who had a suit in court. When the cause came to be heard, the judge enquired whether the complainant was not the individual who had sent him a buck, and on being informed that it was, he refused to hear the cause until he had paid for the buck. The

মধ্যে ভ্রমণ করতং সুগ্রথিত নূতন এক গ্রীজাঘর দেখিলেন। পরে গ্রন্থনকর্ত্তার নাম শুনিয়া তিনি জিজ্ঞাসা করিলেন যে যে ব্যক্তির মোকদ্দমা আদালতে উপস্থিত আছে সে এই কি না। যখন শুনিলেন যে সেই বটে তখন তিনি কহিলেন যে গ্রীজাগৃহ গ্রন্থনেতে তাহার মোকদ্দমার কিছু ব্যাঘাত হইবে না। পর দিবসে সেই সাহেব ঐ বৃত্তান্ত অবগত হইয়া জজসাহেবের নিকটে ফলমুর্গীইত্যাদি সামগ্রী উপঢৌকন পাঠাইয়া দিল। জজসাহেব তৎক্ষণাৎ সেই সামগ্রী ফিরিয়া পাঠাইয়া কহিলেন যে এই ফলমুর্গীইত্যাদিতে তাহার মোকদ্দমার কিছু মঙ্গল হইবে না।

১৭ হরিণের মূল্যদেওন।

দেড় শত বৎসর হইল যথার্থ বিষয়েতে অতিশয় সুখ্যাত ইংগ্লণ্ডদেশের এক জন জজসাহেব যে সাহেবের মোকদ্দমা আদালতে উপস্থিত ছিল তাহার নিকটহইতে এক হরিণ উপঢৌকন পাইলেন। মোকদ্দমার শুননি হইলে জজসাহেব জিজ্ঞাসা করিলেন যে আমার নিকটে যে ব্যক্তি হরিণ পাঠাইয়াছিল সেই কি এই ফরিয়াদী নহে। যখন তিনি শুনিলেন যে সেই বটে তখন তাহাকে হরিণের মূল্য না ফিরিয়া দেওয়াপর্য্যন্ত তাহার মোকদ্দমা শুনিতে অস্বীকার করিলেন।

plaintiff said that he never sold his venison, and appealed to the officers of the court, whether he had not adopted the same practice towards all the judges who had sat on the bench. Though his declaration was confirmed by them all, the judge continued inflexible, and ordered the price of the buck to be counted out in court to the gentleman before he would begin the cause.

18. *The Dutch and the Hottentots.*

In the year 1787 there happened a dispute between the Dutch and the Hottentots at the Cape of Good Hope. A Dutchman had been killed by a Hottentot, upon which the Dutch summoned the chief of that people to find the offender and to punish him according to their own laws. The punishment was thus inflicted; The Hottentots making a great ho, brought forward the criminal attended by his friends and relations, who after enjoying a great feast and much dancing, took leave of him. The culprit having been previously in-

রিয়াদী কহিল যে আমি কদাচ হরিণের মাংস বিক্রয় করি না এবং আদালতের সকল আমলা লোকেরদিগকে প্রমাণ মানিল যে যত বিচার কর্ত্তারা বিচারাসনে উপবিষ্ট হইয়াছেন সেই সকলের সঙ্গে কি এইরূপ ব্যবহার করি নাই। তাহারা সকলেই ইহাতে সম্মতি দিলেও জজসাহেব অলড় রহিলেন এবং মোকদ্দমা আরম্ভকরণের পূর্ব্বে হরিণের মূল্য ঐ সাহেবকে গণিয়া দিতে আজ্ঞা করিলেন।

১৮ হলণ্ডীয়েরা এবং হটণ্টটেরা।

১৭৮৭ সালে উত্তমাশা অন্তরীপ অর্থাৎ কেপে হলণ্ডীয়েরদের হটণ্টটেরদের সঙ্গে এক বিরোধ হইল। এক জন হটণ্টট হলণ্ডীয় এক ব্যক্তিকে বধ করিল তাহাতে হলণ্ডীয়েরা সেই জাতীয়েরদের অধ্যক্ষকে অপরাধির অন্বেষণপূর্ব্বক আপনারদের ব্যবস্থানুসারে তাহার দণ্ড করিতে তলব করিলেন। সেই শাস্তি এই রূপে করা গেল হটণ্টটেরা এক মহাগ্নি করিয়া অপরাধি ব্যক্তিকে আপনার কুটুম্ব ও মিত্রেরদের সমভিব্যাহারে বাহিরে আনিল অপর তাহারা এক মহাভোজে আমোদ করিয়া তাহার স্থানে বিদায় লইল এবং তাহাকে মত্ত করিয়া যেপর্য্যন্ত তাহার বল ক্ষীণ না হইল

toxicated, and made to dance till his strength was exhausted, was thrown into the fire.

Some time after, one of the Dutch factory killed a Hottentot, upon which the chief men of the tribe came and demanded the death of the offender, but as he was the ablest accountant in the whole factory, the Dutch were anxious to save him. They therefore contrived this expedient. Having appointed a day for his execution, they erected a scaffold and set him upon it. Soon after the executioner presented him with a glass of brandy set on fire. The criminal received the potion with much pretended reluctance, with his hands shaking, and his limbs trembling. At last he swallowed the draft, and instantly pretended to fall down dead, on which the Dutch speedily covered him with a blanket, and removed him. The Hottentots seeing this, set up a great shout and exclaimed, the Dutch are more just than we. We only put our criminal into the fire, but they have put

সেপর্য্যন্ত তাহাকে নাচাইল অনন্তর তাহাকে অগ্নির মধ্যে নিঃক্ষেপ করিল।

কতক কাল পরে হলণ্ডীয়েরদের কুঠীর এক ব্যক্তি এক জন হটণ্টটকে খুন করিল ইহাতে সেই জাতীয়েরদের প্রধানেরা আসিয়া অপরাধি ব্যক্তির প্রাণ দণ্ডের দাওয়া করিল। কিন্তু সেই ব্যক্তি কুঠীর মুহুরিরদের মধ্যে চতুর ছিল একারণ তাহাকে বাঁচাইবার নিমিত্তে হলণ্ডীয়েরা অতি চেষ্টান্বিত হইলেন। অতএব তাঁহারা এই উপায় করিলেন তাহার দণ্ডকরণের এক দিন নিরূপণ করিয়া এক মঞ্চ গাঁথিলেন ও তাহাকে তাহার উপরে রাখিলেন। কিঞ্চিৎকাল পরে জল্লাদ তাহাকে অগ্নিসংযুক্ত এক গ্লাস ব্রাণ্ডি সরাব দিল। অপরাধি ব্যক্তি ছলপূর্ব্বক অনেক টালমটাল করিয়া ধৃত হস্তে কম্পান্বিত পদে সেই পেয় দ্রব্য লইল। পরে তাহা পান করিল এবং তৎক্ষণাৎ মৃতরূপে পতিতহওনের মত দর্শন দিল। হলণ্ডীয়েরা অবিলম্বে তাহাকে একখান কম্বলেতে আবৃত করিয়া স্থানান্তরে লইয়া গেলেন। হটণ্টটেরা ইহা দেখিয়া এক মহাধ্বনি করিয়া উচ্চৈঃস্বরে কহিল যে হলণ্ডীয়েরা আমারদের অপেক্ষা যাথার্থিক আমরা স্বদেশস্থ অপরাধিকে অগ্নির মধ্যে ফেলিলাম কিন্তু তাঁহারা স্বদেশস্থ অপরাধির মধ্যে অগ্নি দি

fire into their criminal. Let no one imagine however that the Dutchman died, for the burning brandy occasioned him no injury.

19. *Thermopylæ.*

The Grecian history abounds with examples of great heroism, but few actions have received greater praise from all mankind, than the noble conduct of Leonidas and his three hundred Spartans. Xerxes the monarch of Persia, invaded Greece with a mighty army, which according to some historians amounted to three millions of men. Leonidas was sent with an army of seven thousand men to repel the invaders. He placed himself in a narrow defile between two mountains, through which the Persians were constrained to pass before they could enter Greece. The name of the defile was Thermopylæ.

Xerxes advanced with his whole army to the straits, and never fancying for a moment that the Greeks would obstruct his passage,

য়াছেন। ইহাতে কেহ বোধ না করুন যে সে হুদ গুীয় মরিল কেননা সে অগ্নিযুক্ত গরাবে তাহার কিঞ্চিন্মাত্র হানি হয় নাই।

১৯ থরমোপীলে।

গ্রীক দেশের বিবরণে মহাসাহসের অনেক দৃষ্টান্ত আছে কিন্তু লিয়োনিডাস এবং তাঁহার ত্রিশত স্পার্ত্তা দেশীয় লোকের অতিশয় যুদ্ধ সাহসের কীর্ত্তি যেরূপে সকল লোককর্ত্তৃক প্রশংসনীয় হুইয়াছে প্রায় এমত আর কোন কীর্ত্তি নাই। জর্কসেসনামক পারসী দেশের বাদশাহ মহাসৈন্য লইয়া গ্রীক দেশের উপর আক্রমণ করিলেন কোন২ ইতিহাসবেত্তারা কহেন যে তাঁহার সৈন্যদলে ত্রিশ লক্ষ লোক ছিল। তাঁহার আক্রমণ নিবারণার্থে লিয়োনিডাস সাত সহস্র সৈন্যর সহিত প্রেরিত হইলেন। যে দুই পর্ব্বতের মধ্যের অপ্রশস্ত পথ দিয়া পারসীয়েরা গ্রীক দেশের মধ্যে প্রবেশ করিবে সেই পথের মধ্যে লিয়োনিডাস অবস্থিতি করিলেন সেই স্থানের নাম থরমোপীলে।

জর্কসেস আপন তাবৎ সৈন্য লইয়া সেইপথের মধ্যে অগ্রসর হইলেন তিনি এমত মনেও করেন নাই যে গ্রীকেরা সেই পথে তাঁহার গমনাবরোধ

waited four days in expectation that they would certainly betake themselves to flight. At length he sent to Leonidas and commanded him to deliver up his arms. "Come thyself and take them," replied the Spartan chief. Transported with rage, he ordered his army to fall on the Greeks, to take them alive and bring them to him in fetters; but the army of the Persians had no sooner begun the attack than it was speedily obliged to retire. The next day they renewed the combat, but with no better success.

Xerxes having lost all hope of making his way through the Greek troops who were determined to conquer or die, was greatly perplexed, till one Epealtes informed him of another path over the mountains by which the Greeks might be attacked in the rear. Xerxes upon this secretly dispatched ten thousand men upon this expedition. In the mean time Leonidas, satisfied in his own mind of the impossibility of bearing up against the ene-

করিবে। অতএব তাহারা যে নিতান্ত পলায়ন করিবে' এই অপেক্ষাতে তিনি সেখানে চারি দি বস স্বচ্ছন্দে থাকিলেন। অবশেষে তিনি লি য়োনিডাসের নিকটে লোক পাঠাইয়া তাহার অস্ত্র সমর্পণ করিতে আজ্ঞা করিলেন। স্পার্ত্তার অধ্যক্ষ এই প্রত্যুত্তর করিলেন যে আপনি আগ মনপূর্ব্বক তাহা লও। তাহাতে তিনি রাগেতে উন্মত্ত হইয়া আপন সৈন্যেরদিগকে গ্রীকেরদের উপর পড়িয়া পায়ে বেড়ি দিয়া তাহারদিগকে জীবৎ ধরিয়া আনিতে হুকুম করিলেন কিন্তু পার্স সীয়েরদের সৈন্য গ্রীকেরদের উপরে আক্রমণ করিবামাত্র তাহারদিগের পলায়নের আবশ্যক হইল। পর দিবসে তাহারা পুনর্ব্বার যুদ্ধারম্ভ করিলা কিন্তু তাহা তদ্রূপ নিষ্ফল হইল।

অপর জর্কসেসের গ্রীকের সৈন্যেরদের মধ্যদিয়া পথকরণের আশা ভগ্না হইল যেহেতুক গ্রীকের সৈ ন্যেরা জয় করিতে অথবা সেখানেই মরিতে নিশ্চয় করিয়াছিল। ইতিমধ্যে ইপিয়াল্টিসনামক এক ব্য ক্তি আসিয়া তাঁহাকে কহিল যে পর্ব্বতের উপর দিয়া অন্য এক পথ আছে তদ্দ্বারা পশ্চাৎহইতে গ্রীকেরদের উপরে আক্রমণ করা যায়। অতএব জর্কসেস সেই উদ্যোগে গুপ্তরূপে দশ সহস্র সৈন্য প্রেরণ করিলেন। ইতিমধ্যে লিয়োনিডাস বিপক্ষে রদিগকে নিবারণকরণে অক্ষম আপনাকে জা

my, desired his allies to return, while he with his three hundred Spartans remained with a determination to fight at the risk of their lives. His allies having retired, Leonidas and the three hundred who continued with him, far from indulging any hopes of either conquering or escaping, looked upon Thermopylæ as their grave. When Leonidas advised them to take some nourishment, saying that they should all sup together at night with Pluto, they set up with one accord a shout of joy.

At the dawn of the morning, Xerxes advanced with his whole army again on the three hundred Greeks. Leonidas advanced to the broadest part of the pass, and bravely repulsed the enemy, but fell in the combat. Two of the brothers of Xerxes immediately advanced to seize his body, but the Greeks covered it with invincible courage; four times did the Persians rush on the body, and four times were they repulsed. Both the brothers of Xerxes and many other brave commanders

নিয়া আপনার সহকারি সৈন্যেরদিগকে স্বং দেশে প্রত্যাগমনকরণার্থে পরামর্শ দিলেন কিন্তু তিনি ও তাঁহার তিন শত স্পার্ত্তার সৈন্যেরা সেখানে অবস্থিতি করিয়া প্রাণপণে যুদ্ধ করিতে নিশ্চয় করিলেন। তাঁহার মিত্র যোদ্ধারা এরূপে প্রস্থান করিলে লিয়োনিডাস ও তাঁহার তিন শত সহযোদ্ধা বিপক্ষেরদিগকে জয় করিতে অথবা সেই স্থানহইতে মুক্ত হইতে আশা না করিয়া থরমোপলীকে আপনারদের কবরের ন্যায় জ্ঞান করিলেন। যখন লিয়োনিডাস তাঁহারদিগকে ইহা কহিয়া কিছু আহার করিতে আহ্বান করিলেন যে রাত্রির ভোজন যমের সঙ্গে হইবে তখন তাহারা একেবারে জয়ধ্বনি করিল।

পর দিবস প্রত্যূষে জর্ক্সেস আপন তাবৎ সৈন্য লইয়া পুনর্ব্বার তিন শত গ্রীকেরদের উপরে পড়িলেন। লিয়োনিডাস সেই পথের অত্যন্ত প্রশস্ত স্থানে গমন করিয়া অতিসাহসপূর্ব্বক বিপক্ষেরদিগকে তাড়াইলেন কিন্তু তিনি সেই যুদ্ধেতে মারা পড়িলেন। জর্ক্সেসের দুই ভ্রাতা তৎক্ষণাৎ তাঁহার শব কাড়িয়া লইতে অগ্রসর হইলেন কিন্তু গ্রীকেরা অসমসাহসপূর্ব্বক তাহা আবরণ করিল। চারিবার পারসীরা শবের উপর আক্রমণ করিল এবং চারিবারই নিবারিত হইল। জর্ক্সেসের দুই ভ্রাতা এবং অন্যং বীর্য্যবান

fell under the swords of the Greeks. At this junctuie, the ten thousand troops sent with Epealtes, appeared inauspiciously on the brow of the mountain behind the Grooks, who at the sight of them retired into the narrowest part of the pass and drew close to each other. The Porsians now pressed on these heroes in front and in the rear, and a dreadful conflict ensued. The Greeks overwhelmed but not conquered, fought on till every individual save one, was slain; and the single refugee on reaching his own city with the news of the action, was treated as a coward with universal contempt.

20. *Cesar.*

When Cesar the Roman General was advised by his friends to be more cautious and not to move about among the common people without being armed, replied, "He that lives in fear of death, feels its torments every moment. I will feel its torments but once."

সেনাপতিরা গ্রীকেরদের করবালের তলে মারা প
ড়িল। এই সময়ে ইপিয়াল্টিসের সঙ্গে যে দশ সহস্র
সৈন্য প্রেরিত হইয়াছিল তাহারা গ্রীকেরদের
পশ্চাৎ পর্ব্বতের শৃঙ্গে অশুভ দর্শন দিল। তাহার
দিগকে দেখিয়া গ্রীকেরা সেই পথের অতিশয়
অপ্রশস্ত স্থানে হটিয়া নেদিষ্ঠ হইল। অপর
পারসীরা এই বীরেরদের সম্মুখে ও পশ্চাৎ দি
গে ঠেকা দিতে লাগিল এবং তুমুল উপস্থিত হ
ইল। গ্রীকেরা পরাজিত না হইয়া বরং চাপা
পড়িয়া যেপর্য্যন্ত একজনমাত্র জীবৎ রহিল
সেপর্য্যন্ত যুদ্ধ করিল। এবং সেই এক পলাতক
ব্যক্তি স্বনগরে যখন যুদ্ধের সম্বাদ লইয়া পঁহুছিল
তখন সকলেই তাহাকে ভীরুজ্ঞান করিয়া হেয়
জ্ঞান করিল।

২০ কাইসর।

যখন রোমাণের সেনাপতি কাইসরকে তাঁহার
মিত্রেরা এই পরামর্শ দিল যে আপনি অধিক সাব
ধান হইবা এবং ইতর লোকেরদের মধ্যে অস্ত্রে
তে সুসজ্জিত না হইয়া ভ্রমণ করিবা না তখন তিনি
এই প্রত্যুত্তর করিলেন যে যিনি মৃত্যুর ভয় করিয়া
কালক্ষেপণ করেন তিনি প্রতিক্ষণ তাহার যন্ত্রণা
ভোগ করেন আমি সেই মৃত্যুর যন্ত্রণা কেবল এক
বার ভোগ করিব।

21. *An English Earl.*

Seward, a noble English Earl, several hundred years ago was famed for his undaunted spirit. *He had sent his son to fight the Scots,* but the youth fell in the battle. His father on hearing of his death only enquired, whether the wounds of which he died, were in the face or in the back. On being told that they were all in the forepart; I am rejoiced to hear it, replied he; for who would wish nobler death for himself or his relatives.

22. A Spartan.

A Spartan had painted a fly on his shield; on which his friends rallied him, by saying that he wished thereby to avoid being known. *You are deceived, replied he; I shall go so* near my enemies that they will not fail to recognize me.

২১ ইংগ্লণ্ডদেশের কুলীন।

কএক শত বৎসর হইল ইংগ্লণ্ডদেশের সিও য়ার্ডনামক উত্তম এক জন কুলীন অদম্য সাহসের বিষয়ে অতিশয় খ্যাত হইলেন। তিনি স্কটলণ্ডী য়েরদের সহিত আপন পুত্রকে যুদ্ধকরণার্থে প্রে রণ করিলেন কিন্তু যুদ্ধেতে যুবা মরিল। তাহার পিতা পুত্রমরণের সম্বাদ শুনিয়া কেবল ইহা জি জ্ঞাসা করিলেন যে তাহার সাংঘাতিক আঘাত মুখে না পৃষ্ঠে হইয়াছে। যখন তাঁহাকে কহা গেল যে তাহার সকল আঘাত সম্মুখ দিগে হই য়াছে তখন তিনি কহিলেন যে তাহা শ্রবণে আ মার সন্তোষ জন্মে। আপনার কি আপনার পরিজনের নিমিত্তে ইহাঅপেক্ষা কে সৌভাগ্যম রণের প্রার্থনা করে।

২২ স্পার্ত্তাদেশীয়।

স্পার্ত্তাদেশের এক জন আপন ঢালের উপ রে এক মক্ষিকার আকার করিল। ইহাতে তা হার মিত্রেরা তাহাকে ঠাট্টা করিয়া কহিল যে ইহাতে তুমি যে যুদ্ধে অজ্ঞাত থাক এই অভি প্রায়ে তাহা করিয়াছ। তিনি কহিলেন যে না তোমরা ভুলিয়াছ আমি বিপক্ষেরদের এই মত নেদিষ্ঠ হইব যে বিপক্ষেরা আমাকে অবশ্য চি নিতে পারিবে।

23. *General Meadows.*

General Meadows, who was renowned for his valour, being out on a reconnoitering party near Seringapatam, a large shot struck the ground a little before him, and was moving with much velocity against him. The general instantly stopped his horse and moved *out of the way; he then took off his hat and* making a profound bow to the ball as it passed, said, I beg you to proceed, I never dispute the road with any gentleman of your family.

24. *Combat with a lion.*

An English Earl in the reign of Edward the Third of England, was celebrated for his bravery, and became a great favorite with his sovereign. This naturally created envy, and his enemies taking advantage of the king's absence, one day instigated the queen *to try his courage by letting a lion in upon* him, saying that if the Earl were truly noble, the lion would not touch him. The queen lis-

২৩ জেনরল মেড়োস।

সাহসেতে খ্যাত জেনরল মেডোস শ্রীরঙ্গপটনের নিকটে যুদ্ধবিষয়ের অনুসন্ধানার্থে এক দিন ভ্রমন করিতেছিলেন ইতিমধ্যে তাঁহার সম্মুখে একটা মহাগুলী মৃত্তিকার উপরে পড়িয়া অতিবেগে তাঁহার প্রতিকূলে আসিতেছিল। জেনরল সাহেব তৎক্ষণাৎ তাঁহার ঘোটককে স্থগিত করিয়া পথের একপার্শ্বে কিছু হটিলেন। পরে আপন টুপি খুলিয়া গুলি তাঁহার নিকট দিয়া গমনসময়ে তাহাকে অতিশয় বিনয়পর্ব্বক সেলাম করিয়া কহিলেন যে আপনি প্রস্থান করুন আপনার স্বজাতীয়ের সঙ্গে আমি পথের বিষয়ে কদাচ বিরোধ করিনা।

২৪ সিংহের সঙ্গে সংগ্রাম।

ইংগ্লণ্ডদেশের তৃতীয় এড্বার্ডের রাজত্বকালে সাহস বিষয়ে অতিপ্রশংসিত ইংগ্লণ্ডীয় এক জন কুলীন রাজার অতিশয় প্রিয়পাত্র হইলেন। ইহাতে সুতরাং অন্যেরদের ঈর্ষা জন্মিল এবং তাঁহার বিপক্ষেরা এক দিবস বাদশাহের অবর্ত্তমান কালে সুযোগ দেখিয়া তাঁহার সম্মুখে এক সিংহ ছাড়িয়া দেওনের দ্বারা তাঁহার সাহসের পরীক্ষা করিতে রাণীকে প্রবৃত্তি লওয়াইয়া কহিল যদি কুলীন নিতান্ত সদ্বংশজ হন তবে সিংহ

Of two young men who had been educated at Eton, a celebrated school in England, the one became one of the principal ministers of the king of England in 1715. The other had joined a rebellion in Scotland, and being taken in arms against the king was condemned to death. His former associate besought the king for his life, but his request was refused. On

না এবং নগরাধ্যক্ষ অতিশয় প্রত্যয়পূর্ব্বক তাহা গ্রাহ্য করিল। অপর পিতরবর অতিশীঘ্র নগরের রাস্তায় উপস্থিত হইয়া দেখিলেন যে জর্ম্মানি সৈন্যেরা নগরের প্রধান লোকেরদের গৃহ লুঠ করিতেছে। তিনি সেখানহইতে তাহারদিগকে তাঁড়াইয়া দিয়া যে লুঠিত বস্তু তাহারা লইয়া যাইতেছিল তাহা সেই স্থানে রাখাইলেন। এই রূপে সকল অত্যাচার নিবারণ করিলে তিনি নগর ত্যাগ করিয়া দ্বারের নিকটে ফিরিয়া আসিয়া তাহার পূর্ব্বকৃত অঙ্গীকারানুসারে নগর সমর্পণের নিময় সাঙ্গ করিলেন। স্পানিয়ারা ইংগ্লণ্ডীয়েরদের বিশ্বস্ততা দেখিয়া চমৎকার বোধ করিল যে হেতুক পূর্ব্বে তাহারা ইংগ্লণ্ডীয়েরদিগকে অসভ্যের মধ্যে গণ্য করিত।

৪৩ সমাধ্যায়ির মিত্রতা।

ইটননামক ইংগ্লণ্ডদেশের প্রসিদ্ধ এক বিদ্যালয়ে দুই যুবা একত্র পাঠ করিত পরে তাহারদের মধ্যে এক জন ১৭১৫ সালে ইংগ্লণ্ডের বাদশাহের এক প্রধান মন্ত্রী হইলেন। অন্য ব্যক্তি স্কটলণ্ডদেশে রাজবিদ্রোহী এক উদ্যোগের অংশী হইলও আপন বাদশাহের প্রতিকূলে অস্ত্রধারণে ধৃত হইয়া তাহার প্রাণদণ্ডের হুকুম হইল। তাহার প্রাচীন সমাধ্যায়ী ঐ মিত্রের প্রাণরক্ষার্থে

which he threatened to resign his situation if the life of his friend was not spared. This menace produced the desired effect. The life of his friend was granted, and he sent him a considerable sum of money.

44. *A singular legacy.*

An old bachelor in the south of France famous for his wealth and avarice was shunned and hated by every one. He required such attention from his servants as few were disposed to pay; and instead of wages only flattered them with hopes of being remembered in his will. With these hopes, however, he could scarcely prevail on any one to continue with him more than a month; and at length his character became so notorious that master as he was of immonse wealth, he could not obtain the service of the meanest individual. He therefore devised this expedient.

বাদশাহের নিকটে অনেক মিনতি করিলেন কিন্তু তাঁহার প্রার্থনা বিফলা হইল। তাহাতে তিনি তর্জন করিয়া কহিলেন যে আমার মিত্রের প্রাণরক্ষা যদি না হয় তবে আপন পদ ত্যাগ করিব। এই ভয় প্রদর্শানেতে তাঁহার কার্য্যসিদ্ধি হইল যেহেতক তাঁহার মিত্রের প্রাণদণ্ডের ক্ষমা করা গেল এবং তিনি তাঁহার নিকটে অনেক টাকা প্রেরণ করিলেন।

৪৪ আশ্চর্য্য সোপাধিকদান।

ফ্রান্সদেশের দক্ষিণ ভাগে প্রাচীন এক অবিবাহিত ব্যক্তি ধন ও কৃপণতাতে প্রসিদ্ধ ছিলেন এবং সকলের ত্যাজ্য ও ঘৃণাপাত্র ছিলেন তিনি আপন সকল পরিচারকের নিকটে এমত কঠিন সেবা যাচ্ঞা করিলেন যে কেহ তাহা দিতে ইচ্ছুক ছিল না এবং চাকরেরদিগকে কিছু বেতন না দিয়া কেবল দান পত্রে তাহারদিগকে স্মরণকরণের ভরসা দিতেন। কিন্তু এই ভরসা দিলেও তিনি কাহাকে আপনার নিকটে এক মাসের অধিক টেঁকিতে দেখিলেন না। অবশেষে তাঁহার আচার এইমত বিখ্যাত হইল যে অসীম ধনের স্বামী হইয়াও তিনি কোন এক অতিনীচ ব্যক্তিহইতে যৎকিঞ্চিৎ সেবা পাইতে পারিলেন না। অনন্তর তিনি এই উপায় ঠাহরিলেন। তিনি

He sent for an attorney and directed him to *insert in his will, "I bequeath 1500 Rupees* in money and my Estate to the servant who shall close my eyes ;" but he never intended, that his will should have any effect. The report of the circumstance very soon spread, and hundreds of persons hastened to offer their services, among whom he selected a stout youth, who had said he cared little for the inconvenience he might suffer, while he had the prospect of the inheritance before him. Having found a man after his own heart, the miser *duly installed him in his office.* The poor servant, however, was obliged to suffer the extremity of hunger; and it appeared certain that if the miser had lived six months longer, the man must have starved. At length, however, the miser paid the debt of nature.

The next day his relatives came, and endeavoured to obtain possession of his property. The poor servant looked with anxiety to the opening of the will. As soon as it had been read, one of the relatives exclaimed, the

এক জন উকীলকে আহ্বান করিয়া আপন দান পত্রে ইহা লিখিতে হুকুম করিলেন যে যে চাকর মৃত্যুকালে আমার চক্ষু মুদিবে তাহাকে আমি প নের শত টাকা নগদ এবং আমার তালুক দি লাম। এই দান যে সিদ্ধ হয় ইহা তাহার ক দাচ অভিপ্রায় ছিল না। কিন্তু এ বিষয় অতি শীঘ্র প্রচার হইল এবং শতং লোক তাঁহার নি কটে আসিয়া তাঁহার সেবাতে নিযুক্তহওনার্থে প্রার্থনা করিল। তাহারদের মধ্যে এক বলবান যুবাকে তিনি মনোনীত করিলেন সেই যুবা ক হিয়াছিল যে পারিতোষিকের ভরসা যতকাল থাকে ততকাল ক্লেশ সহিতে আমার ভার বোধ হইবে না। কৃপণব্যক্তি আপন ইচ্ছানুযায়ী এ ইরূপে এক সেবককে পাইয়া অতিশীঘ্র তাহাকে কর্ম্মে অভিষেক করিলেন। কিন্তু গরীব ভৃত্য অ নাহারে প্রায় মরিয়া গেল এবং এইমত বোধ হইল যে সে কৃপণ যদি আর ছয় মাস বাঁচিয়া থাকিত তবে অনাহারে ভৃত্য মরিত। শেষে কৃ পণ পরলোকগত হইলেন।

পর দিবসে তাহার কুটুম্বেরা আসিয়া সকল সম্পত্তি দখল করিতে উদ্যোগ করিল। সেই দ রিদ্র চাকর অতিশয় উদ্বিগ্ন হইয়া দানপত্র পাঠ করণের অপেক্ষা করিতে লাগিল। পাঠ হইলে কৃপণের এক জন কুটুম্ব কহিল যে দানে এই

gift is worth nothing to the servant. How so? exclaimed he. The relative replied, The will says, I bequeath the money and my Estate to the servant who shall close my eyes. But as the old miser was blind of one eye, the gift is invalid.

The unfortunate servant on this applied to a lawyer who gave him great hopes of success, if the question were brought into court. A suit was accordingly instituted, and the judges decided, that the object of the testator must be ascertained from the fair and natural meaning of the words; that it was not to be believed that in his last act he meant to commit a fraud, and that there could be no doubt in reason and law that he did really intend to bequeath the estate and money to the servant who should continue faithful to him till he died. They therefore directed the property to be given to the servant. The relatives, however, appealed the cause to the Parliament of Paris, where the decision of the court

চাকরের কিছু উপকার হইবে না। চাকর কহিল যে সে কি। কুটুম্ব উত্তর করিল দানপত্রে লেখা আছে যে যে ভৃত্য আমার মৃত্যুকালে আমার উভয় চক্ষু মুদিবে তাহাকে আমি আপন টাকা ও তালুক দিলাম কিন্তু সে বৃদ্ধ কৃপণ কানা ছিল অত এব তাহার এই দানপত্র অসিদ্ধ।

অভাগা ভৃত্য তাহাতে এক উকীলের নিকটে গমন করিল উকীল তাহাকে কহিলেন যে এই বিষয় আদালতে উপস্থিত হইলে তোমার কৃতার্থ হওনের অধিক ভরসা হয় ইহাতে এক মোকদ্দমা উপস্থিত করা গেল। এবং জজসাহেবেরা এই হুকুম করিলেন যে বাক্যের স্বাভাবিক ও অবক্র অর্থের দ্বারা দানকারকের অভিপ্রায় নিশ্চয় করিতে হইবে। তিনি যে আপনার শেষ ক্রিয়াতে কিছু প্রতারণা করিতে কল্পনা করিয়াছিলেন ইহা অতি অসম্ভব এবং যে যে ভৃত্য মৃত্যুকালপর্য্যন্ত বিশ্বস্ত তারূপে তাহার নিকটে থাকিবে সে টাকা ও তালুক পাইবে ইহা যুক্তিসিদ্ধ ও ব্যবস্থাসিদ্ধ হয় এইহেতুক তাঁহারা ভৃত্যকে সম্মতি দেওয়াইতে হুকুম করিলেন। কিন্তু কুটুম্বেরা পারিস নগরের পার্লিমেণ্টে সেই মোকদ্দমার আপীল করিল কিন্তু সেখানেও আদালতের হুকুম সাব্যস্ত

was confirmed and the expected reward bestowed on the poor servant.

45. *Swiss soldiers.*

The Swiss inhabit a poor and mountainous country. Hence they are in the habit of hiring out their soldiers to the sovereigns of Europe. A Swiss general who had bravely served the king of France, asked for the arrears of pay due to the troops. The king's minister Louvois was present at the time, and being vexed at this new demand on the treasury said, Sir, if your Majesty had all the money which has been paid to these Swiss by your predecessors, it would form a path from thence to your Capital. That may be true, answered the brave Swiss general; but if all the blood which the Swiss have shed in the service of France were collected together, it would form a river from hence to Switzerland. The king without another word, ordered their arrears to be paid down.

হইয়া অপেক্ষিত পারিতোষিক দরিদ্র ভৃত্যকে দেওয়া গেল।

৪৫ সুইসদেশীয় সৈন্য।

সুইসদেশীয়েরা অতিদরিদ্র ও পর্ব্বতময় দেশে বাস করেন এইহেতুক তাঁহারা আপনারদের সৈন্যেরদিগকে ইউরোপের নানারাজার নিকটে ভাড়া দেন্। সুইসদেশীয় যে এক জন সেনাপতি ফ্রান্সের রাজার সাহসপূর্ব্বকসেবা করণানন্তর সৈন্যের বাকী মাহিয়ানা চাহিলেন। লুবেনামক রাজার মন্ত্রী তৎসময়ে উপস্থিত ছিলেন এবং রাজকোষের উপরে এই নূতন দাওয়া হওয়াতে বিরক্ত হইয়া বাদশাহকে কহিলেন যে হে মহাশয় আপনার পূর্ব্বপুরুষেরা এই সুইসীয়েরদিগকে যে সকল টাকা দিয়াছেনতাহা থাকিলে সুইসের দেশ অবধি মহাশয়ের রাজধানীপর্য্যন্ত একটা রাস্তা হইতে পারিত। অতিসাহসিক সুইসী সেনাপতি প্রত্যুত্তর করিলেন যে তাহা হইতে পারিত বটে কিন্তু সুইসের সৈন্যেরা ফ্রান্সের যুদ্ধেতে যে রক্তপাত করিয়াছে তাহা সংগৃহীত হইলে এ স্থান অবধি সুইস দেশপর্য্যন্ত একটা নদী হইত। রাজা আর বাক্যমাত্র না কহিয়া তাহারদের বাকী বেতন দিতে হুকুম করিলেন।

46. *Candid culprit.*

The Viceroy of Naples, passing through Barcelona and having obtained leave to release some slaves, went on board the Galley, in which they were confined. Passing through the crew of slaves, he asked several of them what their offences were? Every one excused himself upon various pretences; one said, he was confined out of malice, another through the corruption of the judge, while no one acknowledged the justice of his sentence. But one little black man whom the duke questioned as to the reason of his being there said, "My Lord," "I cannot deny I am justly confined here, for I wanted money, and stole a purse near Tarragona, to keep me from straving." The Viceroy on hearing this, gave him two or three strokes on the shoulder with his stick, saying, "You rogue, what are you doing among so many honest, innocent men? Get out of their company." Having said this, he released the slave, while the rest were left in slavery.

৪৬ সরল দস্যু।

নেপল্‌স দেশাধ্যক্ষ কএক বন্দুয়ানেরদিগকে মুক্তকরণের অনুমতি পাইয়া বার্শিলোনা নগর দিয়া গমন করত তাহারা যে জাহাজে কয়েদ ছিল তাহাতে আরোহণ করিলেন। কয়েদী মল্লারদের শ্রেণী দিয়া গমন করত তিনি কএক ব্যক্তিকে তাহারদের অপরাধের বিষয় জিজ্ঞাসা করিলেন প্রত্যেক জন নানাচ্ছলেতে আপনাকে নির্দোষী করিতে লাগিল। এক জন কহিল যে সে অন্যের ঈর্ষাতে বদ্ধ হইয়াছে অন্যে কহিল যে জজসাহেবের ঘুষ খাওয়াতে সে কয়েদ হইল এইরূপে সকলেই কহিল যে আমরা অন্যায়পূর্ব্বক অবরুদ্ধ আছি। তাহারদের মধ্যে খর্ব্ব কৃষ্ণবর্ণ এক ব্যক্তিকে অধ্যক্ষ জিজ্ঞাসা করিলেন যে তুই কি অপরাধে এখানে আছিস সে কহিল যে মহাশয় আমি অতিযথার্থতাপূর্ব্বক এখানে কয়েদ হইয়াছি এ আমার স্বীকার করিতেই হইবেক আমার টাকার অভাবপ্রযুক্ত তারাগোনা নগরে এক জনের টাকাপূর্ণ বেটুয়া আপন প্রাণধারণার্থে আমি চুরী করিলাম। রাজার প্রতিনিধি এই কথা শুনিয়া লাঠির দ্বারা তাহার স্কন্ধের উপরে দুই তিন আঘাত করিয়া কহিলেন যে ওরে ডাকাইত এই সকল সত্য নির্দোষি ব্যক্তির মধ্যে তোর কি কর্ম্ম এইক্ষণে তাহারদের সমাজ ছাড়িয়া যা ইহা কহিয়া তিনি সেই বন্দুয়ানকে বন্ধনহইতে মুক্ত করিলেন অন্য সকল বন্দুয়ানেরা কয়েদে রহিল।

47. *King Agrippa.*

When Agrippa was in a private station, he was accused by one of his servants of having spoken injuriously of Tiberius, the Roman Emperor, and was condemned by the Emperor to be exposed in chains before the palace gate. The weather was very hot, and Agrippa became excessively thirsty. Seeing a servant of Caligula pass by with a pitcher of water, he called to him and entreated leave to drink. The servant presented the pitcher with much courtesy; and Agrippa having allayed his thirst, said to him, that if released from this captivity, he would not forget this glass of water. Tiberius dying, his successor Caligula soon after set Agrippa at liberty, and made him king of Judea. Having attained this high station, Agrippa was not unmindful of the glass of water given to him when a captive, but sent for the servant and made him controller of his household.

৪৭ আগ্রিপা রাজা।

যখন আগ্রিপা রাজা সামান্য লোকের অবস্থায় ছিলেন তখন তাঁহার এক ভৃত্য তাঁহার নামে এই অভিযোগ করিল যে তিনি রোমাণ বাদশাহ্ তিবিরিয়সের প্রতিকূলে হিংসুক কথা কহিয়া ছিলেন। বাদশাহ্ তাঁহাকে শৃঙ্খলে বদ্ধ করিয়া রাজদ্বারের সম্মুখে রাখিতে আজ্ঞা করিলেন। সে কাল অতিগ্রীষ্ম ছিল এবং আগ্রিপা অতিশয় তৃষার্ত্ত হইলেন। কালিগুলার একজন ভৃত্যকে জলপাত্র লইয়া গমনকরত দেখিয়া তিনি তাহাকে ডাকিলেন ও কিঞ্চিৎ জল প্রার্থনা করিলেন। ভৃত্য অতিশয় সদাচারপূর্ব্বক আপন জলপাত্র তাঁহাকে দিল। আগ্রিপা আপন তৃষ্ণা নিবৃত্তি করিয়া তাহাকে কহিলেন যে যদি আমি এই বন্ধনহইতে মুক্ত হই তবে এই জলপাত্র আমি কদাচ বিস্মৃত হইব না। তিবিরিয়স মরিলে তাঁহার পদপ্রাপ্ত কালিগুলা কিয়ৎকালানন্তর আগ্রিপাকে মুক্ত করিয়া তাঁহাকে য়িহুদী দেশের রাজা করিলেন। আগ্রিপা এইরূপ উচ্চ পদপ্রাপ্ত হইলে বন্দিত্বাবস্থায় তাঁহাকে যে এক পাত্র জল দেওয়া গিয়াছিল তাহা বিস্মৃত না হইয়া সেই ভৃত্যকে আহ্বানপূর্ব্বক আপন ঘরের তাবৎ কর্ম্মের কর্ত্তা করিয়া দিলেন।

48. *Filial Piety.*

A Roman historian relates that a woman of distinction having been condemned to be strangled, was delivered to the executioner who sent her to prison in order to be put to death. The gaoler was struck with compunction, and could not resolve to kill her. He chose however to let her die of hunger; but in the mean *while suffered her daughter to visit her in pri*son, only taking care that she brought her no food. Many days passed over in this manner; at length the gaoler surprised that the prisoner lived so long without food, and suspecting the daughter, took means secretly to observe their interviews. He then discovered that the affectionate daughter, had all the while prolonged her mother's life with her own milk. Amazed at so tender, and at the same time so ingenious an artifice, he related it to *the authorities of the city. This pro*duced the happiest effects; they pardoned the criminal and passed a decree, that the mother

৪৮ মাতৃভক্তি।

রোমাণের ইতিহাসবেত্তা এক জন কহেন যে এক কুলীনা স্ত্রী ফাঁসির হুকুম পাইয়া জল্লাদ কর্ত্তৃক তাঁহার প্রাণদণ্ডহওনার্থে কারাগারে প্রেরিতা হইলেন। কারাগারাধ্যক্ষ কৃপাগ্রস্ত হইয়া তাঁহাকে বধ করিতে নিশ্চয় করিতে পারিল না। অতএব সে তাঁহাকে অনাহারের দ্বারা হত্যা করিতে মনস্থ করিল কিন্তু ইতিমধ্যে সে তাঁহার কন্যাকে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে অনুমতি দিয়া কেবল এই বিষয়ে সাবধান করিল যে তিনি কোন আহারীয় দ্রব্য না আনেন। এইরূপে অনেক দিন গত হইলে কারাগারাধ্যক্ষ কয়েদী স্ত্রী নিরাহারে যে এতকাল বাঁচিয়া আছে ইহা আশ্চর্য্য বোধ করিয়া কন্যার উপরে সন্দেহ হওয়াতে গুপ্তরূপে তাঁহারদের সাক্ষাৎকারের সময় উকী মারিয়া দেখিল যে প্রেমাসক্ত কন্যা আপন স্তন্য দুগ্ধের দ্বারা মাতার প্রাণ বাঁচাইয়া রাখিয়াছে। এই কোমল অথচ বুদ্ধিমন্ত উপায়েতে চমৎকৃত হইয়া সে নগরাধ্যক্ষেরদিগকে সেই সকল বিবরণ জানাইল। তাহাতে অতিশয় সফল দর্শিল তাঁহারা সেই স্ত্রীর অপরাধ ক্ষমা করিয়া এই হুকুম করিলেন যে সেই মাতা ও কন্যা যাবৎ জীবিতা থাকিবে তাবৎ সরকারহইতে বৃত্তি পাইবে এবং

and the daughter should be maintained for the remainder of their lives at the expense of the public, and that a temple, sacred to filial piety should be erected near the prison.

49. *Bajazet.*

Tamerlane the Great, having made war on Bajazet, Emperor of the Turks, overthrew him in battle and took him prisoner. The victor at first gave the captive monarch a very *civil reception*; and *entering into conversation* with him said, "Now, king, tell me truly what wouldst thou have done with me had I fallen into thy power?" Bajazet, who was of a fierce and haughty spirit, thus replied: Had the gods given unto mé the victory, I would have enclosed thee in an iron cage, and carried thee about with me as a spectacle of derision to the world. Tamerlane wrathfully replied, "Then, proud man, as thou wouldst have done to me, even so will I do unto thee." A strong iron cage was made, into which the fallen emperor was thrust; and thus was he

সেই কারাগারের নিকটে মাতৃভক্তিসূচক এক ম
ন্দির স্থাপিত হইবে।

৪৯ বাজাজেট।

মহানামে খ্যাত যে তৈমুরবেগ তিনি তুরুকীয় বাদশাহ বাজাজেটের সঙ্গে যুদ্ধ করিয়া তাঁহাকে পরাস্ত করিয়া ধরিলেন। জয়ি ব্যক্তি ধৃত রাজার সঙ্গে প্রথমতঃ শিষ্টাচারপূর্ব্বক ব্যবহার করিলেন এবং তাঁহার সহিত কথোপকথন আরম্ভ করিয়া ইহা জিজ্ঞাসা করিলেন হে রাজন্ আমাকে সত্য কহ আমি যদি তোমার হস্তগত হইতাম তবে তুমি আমাকে লইয়া কি করিতা। বাজাজেট অতিশয় অহঙ্কারী ও নিষ্ঠুরমনাঃ ছিলেন অতএব তিনি এই প্রত্যুত্তর করিলেন যে যদি দৈবতারা আমাকে জয়ী করিতেন তবে আমি তোমাকে একটা লৌহময় পিঞ্জরে বদ্ধ করিয়া সকল লোকের হাস্যদর্শনার্থে আমি তোমাকে সঙ্গে করিয়া সর্ব্বত্র লইয়া যাইতাম। তৈমুরবেগ অতিশয় রাগান্ধ হইয়া এই উত্তর করিলেন যে হে অহঙ্কারি তুমি আমার উপরে যেরূপ ব্যবহার করিতা আমি তোমার প্রতি এখন সেইরূপ ব্যবহার করিব। অপর অতিশয় শক্ত লৌহময় পিঞ্জর প্রস্তুত করিয়া পতিত রাজাকে তন্মধ্যে প্রবিষ্ট করাইলেন এবং তাঁহাকে এইরূপে বন্য

carried along like a wild beast, in the train of his conqueror. Nearly three years were passed by the once mighty Bajazet in this cruel state of durance; at last being told that he must be carried into Tartary, and in despair of obtaining his freedom, he struck his head with such violence against the bars of his cage, as to put an end to his wretched life.

50. *John, king of France.*

This prince, says an old French chronicler, sold his own flesh; for, in order to ease his subjects from paying his own ransom when taken prisoner by Edward the English prince, and confined in the Tower of London, he gave his daughter in marriage to the sovereign of Milan for a considerable sum of money. This alliance, though beneath the royal race of France, did honor to the sovereign, its motive being excellent, and could not disgrace the princess, as she became the instrument of

পশুর ন্যায় আপনার সঙ্গে২ লইয়া গেলেন। যে বাজাজেট ইহার পূর্ব্বে এইগত মহত ছিলেন তিনি এই বন্ধনের দুরবস্থায় তিন বৎসর কালক্ষেপণ করিলেন অবশেষে যখন তাঁহাকে কহা গেল যে তার্ত্তার দেশে তোমাকে লইয়া যাইবে, তখন মুক্তহওন বিষয়ে হতাশ হইয়া পিঞ্জরের শলাকাতে আপন মস্তকে এমত আঘাত করিলেন যে তাহাতে আপনার অসুখি প্রাণবিয়োগ করিলেন।

৫০ ফ্রান্সদেশের রাজা জান।

এক জন প্রবীণ ফ্রান্সীয় ইতিহাসবেত্তা কহেন যে এই রাজা আপন মাংস বিক্রয় করিলেন। যেহেতুক তিনি যখন এড্বার্ডনামক ইংগ্লণ্ডের রাজ কর্তৃক ধৃত হইয়া লণ্ডননগরের গড়ে কয়েদ ছিলেন তখন আপনার মুক্তির বেতনের ভার যে আপনার প্রজার উপরে না পড়ে এই নিমিত্তে মিলান দেশের রাজার স্থানে টাকা পাইয়া তিনি তাঁহার সহিত আপন কন্যার বিবাহ দিলেন। এই সম্বন্ধ ফ্রান্সদেশীয় রাজকীয় বংশের অনুপাযুক্ত বটে তথাপি তাহার অভিপ্রায়ের দৃষ্টে তাঁহার অতিশয় সম্ভ্রম জন্মিল রাজকুমারীর ও তদ্দ্বারা কিছু অসম্ভ্রম হইল না কেননা তিনি আপনার দেশস্থ

contributing to the ease and happiness of her country.

John had left in England two of his sons as hostages for the payment of his ransom. One of them, tired of his confinement, escaped to France. His father, more generous, proposed instantly to take his place; and when the principal officers of his court remonstrated against the measure, he said, I myself was permitted to come out of the prison in which my son was confined, in consequence of the treaty which he has violated by his flight. I consider myself therefore no longer free; I fly to my prison; I am engaged to do so by my word; and if honor were banished from all the world, it should find an asylum in the breast of a king.

The magnanimous John accordingly proceeded to England, and became a second time a prisoner in the Tower of London, where he died in 1384.

END OF PART I.

লোকেরদের সুখ ও উপকার বৃদ্ধিকরণের কারণ হইলেন।

ঐ জান রাজা ইংগ্লণ্ডদেশে আপনার মুক্তির বেতনের বন্ধকস্বরূপে আপনার দুই পুত্রকে রাখিলেন। সেই যুবরাজেরদের মধ্যে এক জন, বন্ধনেতে বিরক্ত হইয়া ফ্রান্সদেশে পলায়ন করিলেন তাঁহার পিতা তাঁহাঅপেক্ষা মহাত্মা হইয়া তৎক্ষণাৎ তাঁহার পরিবর্ত্তে কয়েদ হইতে প্রসঙ্গ করিলেন। এবং তাঁহার প্রধান আমলারা এই বিষয়ে তাঁহার সহিত বাদানুবাদ করিলে তিনি এই উত্তর করিলেন যে যে কারাগারে আমার পুত্র কয়েদ ছিল সে কারাগারহইতে আমি সন্ধি করিয়া মুক্তির অনুমতি পাইলাম সেই সন্ধি আমার পুত্র আপন পলায়নের দ্বারা উল্লঙ্ঘন করিয়াছে অতএব আপনাকে আমি স্বাধীন জ্ঞান করি না আমি অবশ্য সেই কারাগারে যাইব। আমি আপনার অঙ্গীকারে সেই কর্ম্ম করিতে বদ্ধ আছি এবং যদি সম্ভ্রম তাবৎ পৃথিবীহইতে লুপ্ত হয় তথাপি রাজারদের হৃদয় তাহার আশ্রয় হইতেই হয়।

অতএব মহাত্মা জান দ্বিতীয় বার লণ্ডন নগরে সেই কারাগারে বদ্ধ হইলেন এবং ১৩৮৪ সালে সেই স্থানে লোকান্তরগত হইলেন।

প্রথম ভাগ সমাপ্ত।

ANECDOTES

OF

VIRTUE AND VALOUR,

TRANSLATED INTO BENGALEE,

And printed with the English and Bengalee on opposite pages.

PART II.

FROM THE SERAMPORE PRESS.

1829.

সদ্‌গুণ ও বীর্য্যের ইতিহাস।

সকল লোকের হিতার্থে বাঙ্গলা ভাষায় তর্জ্জমা

করা গেল।

তাহার এক দিগে ইঙ্গরেজী ও এক দিগে বাঙ্গলা।

দ্বিতীয় ভাগ।

শ্রীরামপুরে ছাপা হইল।

১৮২৯।

51. *The tears of Edward.*

As the agents of Edward the Third were conducting his unfortunate kinsman Edward to Berkley Castle to put him to a grievous death, it came into their minds that, to prevent his being recognized by the people on the road, it would be well to have his head and beard shaved. They accordingly commanded the prince to alight from his horse, and obliged him to sit down on a mound by the way side. One of the escort, who officiated as barber, brought a bason of cold dirty water taken out of the next ditch. The prince, deeply affected, burst into a flood of warm tears, which falling into the dish, he pathetically observed, "Behold, monsters, nature supplies what you would deny. Perform your office with this warm water."

৫১ এড্বার্ডের অশ্রুপাত।

তৃতীয় এড্বার্ড রাজার ভৃত্যেরা যখন এড্বার্ডনামক তাঁহার দুর্ভাগ্য কুটুম্বকে অতিশয় শোচনীয়রূপে হত্যাকরণার্থে বর্ক্লিনামক গড়ে লইয়া যাইতেছিল তখন তাহারদের মনে এই চিন্তা জন্মিল যে পথের মধ্যে লোকেরা তাঁহাকে চিনিতে না পারে এ জন্যে তাঁহার দাড়ি ও মস্তক মুড়ান উচিত। এইপ্রযুক্ত তাহারা রাজকুটুম্বকে অশ্বহইতে নামাইয়া পথের নিকটে একটা টিপির উপরে বসাইল। পরে এক জন নেগাহবান নাপিত হইয়া নিকটস্থ এক নরদামাহইতে শীতল ময়লা জল এক পাত্রে করিয়া আনিল। রাজকুটুম্ব অতিশয় দুঃখার্ণবে মগ্ন হইলেন ইহাতে তাঁহার চক্ষুহইতে তপ্ত অশ্রু নির্গত হইয়া সেই পাত্রের মধ্যে পড়িতে লাগিল তাহাতে তিনি অতিকরুণাপূর্ব্বক কহিলেন যে হে নির্দ্দয়েরা তোমরা যাহা দিতে অস্বীকার করিয়াছিলা দেখ তাহা আপনি জন্মিতেছে এই তপ্ত জল লইয়া আমাকে ক্ষৌর কর।

52 *Magnanimous Criminal.*

Mr. Ryland an excellent artist, who was confined in 1789 for forgery, so far obtained the friendship of the governor of the prison, that he not only had the liberty of the whole house and garden, but when the other prisoners were locked up in the evening, the governor used to take him out with him and range the fields to a considerable distance. His friends anticipating the fatal consequences of a trial at this time, concerted a plan by which Ryland was to effect an escape in one of these excursions, and which was to have been executed in such a manner, as to exonerate his keeper. But probable as the result appeared, when mentioned to the unfortunate man, instead of acceding to it he protested that if he were to meet his punishment at that moment, he would embrace it rather than betray the confidence with which the governor had permitted his excursions. He was deaf to all remonstrance and ultimately prefered the risk

৫২ অতি মহাত্মাপরাধী।

রাইলণ্ড নামে এক জন উত্তম কারীগর ১৭৮৯ সালে হফ্তকলমের অপরাধে কারাগারে কয়েদ হয় সে কারাগারাধ্যক্ষের সঙ্গে এইমত প্রীতি করিল যে সে তাবৎ কারাগার ও বাগানের মধ্যে যেখানে তাহার ইচ্ছা সেখানে তাহাকে ভ্রমণ করিতে দিত এবং তদতিরিক্ত বৈকালে যখন অন্য কয়েদী ব্যক্তিরা বদ্ধ হইত তখন তাহাকে সঙ্গে করিয়া অতিদূরস্থ মাঠে বেড়াইতে লইয়া যাইত। তাহার মিত্রেরা এতৎসময়ে তাহার মোকদ্দমার বিষয়ে যে অতিশয় অমঙ্গল হইবে ইহা ভাবিয়া এই উপায় ঠাহরিল যে ঐ রাইলণ্ড পূর্ব্বোক্ত ভ্রমণকালে পলায়ন করে এবং সেই কার্য্য সিদ্ধকরণে কারাগারাধ্যক্ষের উপরে কিছু দোষ না ঘটে। কিন্তু ইহা সফলহওনের সম্ভাবনা হইয়াও যখন সেই দুর্ভাগ্য অপরাধিকে তাহা কহা গেল তখন সে তাহাতে সম্মত না হইয়া বরং এই প্রতিজ্ঞা করিল যে যদি আমার প্রাণ দণ্ড এক্ষণে হয় তথাপি কারাগারাধ্যক্ষ ভ্রমণকরণের অনুমতি দেওয়াতে আমার উপরে যে প্রত্যয় রাখিয়াছে তাহার অন্যথা কদাচ করিব না। তাহারদের সকল প্রতিবাদ হেয় জ্ঞান ক

of death to a breach of friendship, and was hanged.

53. *French Gaiety.*

In the campaign of 1812, a distinguished French general was severely wounded in the leg. The surgeons on consulting, declared that amputation was indispensable. The general received the intelligence with much composure. Among the persons who surrounded him, he observed his valet de chamber, who was immersed in profound grief. "Why dost thou weep?" said his master smilingly to him. "It is a fortunate thing for thee, thou wilt have only one boot to clean in future."

54. *Lord Howe.*

Admiral Lord Howe, when a captain, was once hastily awakened in the middle of the night by the officer of the watch, who informed him with great agitation, that the ship was on fire near the magazine. "If that be the case," said he, rising leisurely to put on his clothes,

রিয়া শেষে মিত্রতা উল্লঙ্ঘনাপেক্ষা সে মৃত্যুকে আলিঙ্গন করিয়া ফাঁসি পরিল।

৫৩ ফ্রান্সদেশীয় রসিকতা।

১৮১২ সালের যুদ্ধেতে খ্যাত্যাপন্ন ফ্রান্সীয় এক জন সেনাপতি সাহেব আপনার জঙ্ঘাতে অতিশয় আঘাতী হইলেন। ইহাতে অস্ত্রবৈদ্যকেরা পরামর্শ করিয়া কহিলেন যে সেই অঙ্গ না কাটিলে তিনি রক্ষা পাইবেন না। সেনাপতি সাহেব অতিশয় অকাতররূপে তাহা শুনিলেন। তাঁহার চতুর্দ্দিগে দণ্ডায়মান ব্যক্তিরদের মধ্যে তাঁহার পরিচারককে শোকার্ণবে নিমগ্ন দেখিয়া হাস্য করিয়া কহিলেন যে তুই কেন রোদন করিতেছিস তোর পক্ষে মঙ্গল হইল ইহার পরে তোর কেবল এক বুট সাফ করিতে হইবে।

৫৪ লর্ড হৌ।

লর্ড হৌনামক এক জাহাজপতি যখন জাহাজের কাপ্তান ছিলেন তখন চৌকীর অধ্যক্ষ নিশীথে হঠাৎ তাঁহাকে জাগাইয়া অত্যন্ত উদ্বিগ্ন হইয়া কহিল যে বারুদখানার নিকটে অগ্নি লাগিয়াছে। তাহাতে লর্ড হৌ আপন পোশাক পরিবার নিমিত্তে ধীরে২ শয্যাহইতে উঠিয়া ক

"we shall soon know it." The officer flew back and almost instantly returning from the scene of danger, exclaimed, "You need not, Sir, be afraid, the fire is extinguished." "Afraid!" exclaimed Howe, "what do you mean by that Sir? I have never known what fear is." Then looking the officer full in the face he added, "Pray Sir, do you see any token of fear in my countenance?"

55. *General Valhubert.*

At the battle of Austerlitz, it was the order of the Emperor not to break the ranks, in order to give assistance to the wounded. General Valhubert was among those who fell; he was *severely wounded by a cannon shot in* the thigh. His soldiers stopped to raise him up. The gallant general waved to them to begone, exclaiming, "Remember the order of the Emperor; you will have abundant leisure to pick me up after the victory." He was afterwards removed, and met death with the most

ছিলেন যে যদি তাহা হইয়া থাকে তবে আমরা তদ্বিষয় অতিশীঘ্র অবগত হইব। অধ্যক্ষ অতি বেগে দৌড়িয়া গিয়া পুনর্ব্বার সঙ্কট স্থানহইতে প্রায় তৎক্ষণাৎ ফিরিয়া আসিয়া উচ্চৈঃস্বরে কহিল যে মহাশয় ভয় নাই ভয় নাই অগ্নি নির্ব্বাণ হইয়া গিয়াছে। লর্ড হৌ কহিলেন যে ভয় শব্দের অর্থ কি আমার জীবনাবধি জানি না যে ভয় কাহাকে বলে। অপর অধ্যক্ষের মুখের দিগে অতিদৃঢ়রূপে তাকাইয়া কহিলেন যে মহাশয় তুমি আমার মুখে কিছু ভয়ের চিহ্ন দেখিতে পাও।"

৫৫ বালহুবর্টনামক সেনাপতি।

অস্তলিট্সের মহাযুদ্ধে ফ্রান্সীয় বাদশাহের এই হুকুম ছিল যে আঘাতি ব্যক্তিরদের উপকারকরণার্থে শ্রেণীভঙ্গ করা যাইবে না। বালহুবর্ট সেনাপতি তোপের এক গুলির দ্বারা জঙ্ঘাতে অতিশয় আঘাতী হইয়া ভূমিপতিত হইলেন। সৈন্যেরা তাঁহাকে তুলিয়া লওনার্থে ক্ষণেক স্থগিত হইল। কিন্তু সেই সাহসিক সেনাপতি তাহারদিগকে অগ্রসরহওনার্থে হস্তের দ্বারা ইসারা করিয়া কহিলেন যে বাদশাহের হুকুম স্মরণে রাখ তোমরা বিপক্ষেরদিগকে নষ্ট করিলে আমাকে তুলিয়া লওনের যথেষ্ট অবকাশ হইবে। যুদ্ধের পরে তাহারা তাঁহাকে সেই স্থান"

heroic tranquillity. At the approach of death he wrote to the emperor, "In an hour, I shall be no more, I do not regret life, since I have participated in a victory which will insure you a happy reign. When you think of the brave, who were devoted to your service, remember me."

56. *Scotch Pirate.*

A Scotch Pirate of the name of Le Briton, having been attacked by some English vessels in 1512, defended herself with extraordinary courage; but being at last mortally wounded and no longer able to fight, he bid one of his sailors bring him his flute, on which he played for their encouragement as long as his breath would permit him.

57. *Magnanimous peasant.*

A great inundation having taken place in the north of Italy, the river Adige carried away a bridge near Verona, with the exception of

হইতে তুলিয়া লইয়া গেল এবং তিনি বীরের ন্যায় অকাতররূপে পঞ্চত্ব পাইলেন। আসন্ন কালে বাদশাহের নিকটে তিনি এই পত্র লিখিলেন যে এক ঘণ্টার অধিক আমি বাঁচিব না কিন্তু অদ্যকার যে জয়ে তোমার রাজ্যের কল্যাণ হইবে সেই জয়ের সম্ভোগিহওয়াতে আমার মরণের বিষয়ে আমি খেদ করি না। যে সাহসিক ব্যক্তিরা ত্বৎপরায়ণ ছিল তাহারদের স্মরণ যখন তোমার মনে উপস্থিত হইবে তখন আমাকেও স্মরণ করিবা।

৫৬ স্কটলণ্ডদেশীয় বোম্বেটিয়া।

লিবিটননামক স্কটলণ্ডদেশীয় এক জন বোম্বেটিয়া ১৫১২ সালে কতক ইংগ্লণ্ডীয় জাহাজ কর্ত্তৃক আক্রান্ত হইয়া অসম সাহসপূর্ব্বক যুদ্ধ করিল কিন্তু শেষে গাত্রাতিকরূপে আঘাতী হইয়া এবং আর যুদ্ধ করিতে না পারিয়া আপনার এক জন মল্লাকে আপনার বাদ্য তাহার নিকটে আনিতে আজ্ঞা করিল এবং মল্লারদের আশ্বাসের নিমিত্তে যাবৎ কাল তাহার নিশ্বাস ছিল সেপর্য্যন্ত তাহা বাজাইতে ক্ষান্ত হইল না।

৫৭ মহাত্মা কৃষক।

ইটালিদেশের উত্তর ভাগে বন্যাহ্ওয়াতে রোমা নগরের নিকটে আডিজনামক নদীর

middle arch on which stood the house of the toll-gatherer, who thus with his whole family remained *imprisoned by the stream, and in* momentary danger of destruction. They were discovered from the banks stretching forth their hands and imploring succour, while fragments of the only remaining arch were continually dropping into the water.

In this extreme danger, a nobleman who was present, held out a purse of one hundred sequins, as a reward to any person who would take a boat and deliver this unhappy family. But the danger was so great of being borne down by the rapidity of the current ; of being dashed against a fragment of the bridge, or of being crushed by the falling stones of the arch, that no one had courage enough to attempt such an exploit.

A peasant passing along was informed of the circumstance, and of the promised reward. Immediately jumping into a boat he gained the place, by strength of oars and gradually

সাকোর মধ্যের খিলানব্যতিরিক্ত আর সকল খিলান ভাঙ্গিয়া গেল। তাহার উপরে শুল্কগ্রাহকের বাসা ছিল এবং সে ব্যক্তি সপরিবারে এইরূপে স্রোতের দ্বারা রুদ্ধ হইল এবং প্রতিক্ষণ মৃত্যুর অপেক্ষা করিতে লাগিল। হস্ত বিস্তীর্ণ করিয়া উচ্চৈঃস্বরে লোকেরদের নিকটে উপকার প্রার্থনা করিতে নদীর তীরহইতে লোকেরা তাহারদিগকে দেখিল। ইতিমধ্যে অবশিষ্ট যে খিলান ছিল তাহা খণ্ড২ হইয়া জলের মধ্যে ক্রমে পড়িতে লাগিল।

এই অত্যন্ত সঙ্কট সময়ে সেই স্থানে বর্ত্তমান এক জন কুলীন পাঁচ শত টাকার এক তোড়া হাতে তুলিয়া কহিলেন যে যে ব্যক্তি একখানি নৌকা লইয়া ঐ দুর্ভাগ্য পরিবারকে রক্ষা করিবে সে এই টাকা পাইবে কিন্তু স্রোতের বেগপ্রযুক্ত বহিয়া যাওনের অথবা সাঁকোর ভগ্ন কোন অংশের দ্বারা নষ্টহওনের অথবা সেই অবশিষ্ট খিলানের সলিত প্রস্তরেতে নিমগ্নহওনের সম্ভাবনায় সেই অদ্ভুত কর্ম্মে প্রবৃত্তহওনে কাহার সাহস জন্মিল না।

তৎসময়ে এক জন কৃষক সেই স্থান দিয়া গমন করত সেই সকল বৃত্তান্ত এবং অঙ্গীকৃত পারিতোষিকের বিষয় অবগত হইল। পরে তৎক্ষণাৎ একখান নৌকার উপরে লম্ফ দিয়া পড়িয়া দাঁড়ের বলে সেই স্থানে পঁহুছিল এবং ক্রমে আ

brought his boat under the bridge; the whole family then descended safely by means of a rope. "Courage," said he, "you are safe." By a strenuous effort, and great strength of arm, he brought the boat and family to shore. "Brave fellow!" exclaimed the Count, handing the purse to him, "here is your recompence." "I shall never expose my life for money," answered the peasant, "my labour is a sufficient livelihood for myself, my wife, and children. Give the purse to this poor family, who have lost all."

58. *Lady Russel.*

When the virtuous Lord Russel was through the cruelty of the king brought to trial, he requested that notes might be taken of the evidence for his use. The Attorney General in order to prevent his obtaining the aid of Counsel, told him he might use the hand of one of his servants in writing if he pleased. "I ask no more," answered his Lordship, "but that of the Lady who sits by me."

পনার নৌকা সেই সাঁকোর নীচে লইয়া গিয়া এক রজ্জুর দ্বারা তাবৎ পরিজনকে তন্মধ্যে নামাইয়া কহিল সাহস২ আর ভয় নাই। পরে অত্যন্ত যত্ন পূর্ব্বক এবং বাহুবলে সেই সকল পরিজনকে নৌকার দ্বারা তটে আনিল। কুলীন তাহাকে তৎক্ষণাৎ কহিলেন যে হে সাহসিক ব্যক্তি তোমার পারিতোষিক লও। কৃষক কহিল যে টাকার নিমিত্তে কখনো আমার প্রাণসংশয় করিব না আমার নিজ পরিশ্রমের দ্বারা আমার স্ত্রী সন্তানাদির দিনপাত হয় বরং তোড়া এই গরিবদিগকে দেও তাহারদের যথাসর্ব্বস্ব গিয়াছে।

৫৮ লেডি রসল।

যখন ইংগ্লণ্ডের বাদশাহের নির্দ্দয়তাতে অতিশয় পুণ্যাত্মা লার্ড রসলের মোকদ্দমা হইল তখন তিনি এই প্রার্থনা করিলেন যে তাঁহার কারণ কেহ সাক্ষির জোবানবন্দী লিখে। তিনি কোন উকীলের উপকার যে না পান এই অভিপ্রায়ে বাদশাহের উকীল তাঁহাকে কহিলেন যে তাঁহার ইচ্ছাক্রমে তিনি আপনার কোন এক চাকরের দ্বারা তাহা টুকিয়া লন। কুলীন প্রত্যুত্তর করিলেন যে আমার নিকটে উপবিষ্টা আমার স্ত্রীর সহায়তাব্যতিরেকে অন্য কাহারো উপকার চাহি না। যখন

When the spectators, at these words, turned their eyes, and beheld his wife rising up to assis ther lord in th s his utmost distress, a thrill of anguish ran through the assembly. Lady Russell continued to take notes during the whole of her husband's trial; and when he was condemned, this amiable lady threw herself at the feet of the king, to ask mercy for her husband. She pleaded with many tears the merits and loyalty of her father, as an atonement for those errors into which her husband might have fallen. But her supplications were lost upon the heart of the royal profligate.

On the night before Lord Russell's execution, as his wife was about to take leave of him, he took her by the hand, and said, "This flesh you now feel, in a few hours, will be cold in death." At ten o'clock she left him, He kissed her four or five times, and she so governed her sorrow, as not to add by this

দর্শকেরা এই কথা শ্রবণমাত্র আপনারদের চক্ষুঃ ফিরাইয়া দেখিল যে তাঁহার স্ত্রী আপনার প্রভুর এই অত্যন্ত দুরবস্থায় তাঁহার উপকাররক্ষণার্থে দণ্ডায়মানা হইয়াছেন তখন তাবৎ জনতা দুঃখে তে কম্পান্বিত হইল। লেডি রসল অপনার স্বামির মোকদ্দমাকরণের তাবৎ সময়ে সাক্ষিরদের জোবানন্দী বটুকিয়া রাখিলেন এবং যখন তাঁহার প্রতি প্রাণদণ্ডের আজ্ঞা হইল তখন এই দয়ালু স্ত্রী রাজার চরণতলে পড়িয়া আপন স্বামির বিষয়ে ক্ষমা প্রার্থনা করিলেন। এবং অশ্রুপাতকরণ পূর্ব্বক কহিলেন যে যে অপরাধে আমার স্বামী অভিযুক্ত হইয়াছেন আমার পিতার গুণ ও রাজ পরায়ণত্ব সে অপরাধের প্রায়শ্চিত্তরূপে গণ্য হউক। কিন্তু সেই লম্পট রাজার হৃদয়ে তাঁহার মিনতি স্থান পাইল না।

লার্ড রসলের হত্যার পূর্ব্ব রাত্রিতে যখন তাঁহার স্ত্রী তাঁহার স্থানে বিদায় লইতে উদ্যত হইলেন তখন তাঁহার হস্ত ধারণ করিয়া কহিলেন যে যে মাংস তুমি এখন স্পর্শ করিতেছ তাহা অল্প ক্ষণ পরে মৃত্যুর দ্বারা শীতল হইবে। দশ ঘণ্টা রাত্রিতে তিনি তাঁহার নিকটহইতে বিদায় হইলেন। তাঁহার পতি তাঁহাকে চারি অথবা পাঁচ বার চুম্বন করিলেন এবং সেই স্ত্রী আপন দুঃখ এমত দমন করিলেন যে তাঁহার দুঃখদর্শনে

sight of her distress to the pain of separation. Thus they parted, not with sobs and tears, but with a composed silence.

When she was gone, Lord Russel said, "Now the bitterness of death is past." Soon after he was executed.

59. *Desertion.*

Frederick the Great, in surveying one evening some of the advanced posts of his camp, discovered a soldier endeavouring to pass the sentinel. His Majesty stopped him, and desired to know where he was going. "To tell you the truth," answered the soldier, "your Majesty has been worsted in so many battles, that unable to remain any longer, I was about to desert." Indeed, answered the monarch; "remain here but one week longer, and if fortune does not mend in that time, I will desert with you too."

পৃথক্‌হওনে তাঁহার স্বামির মনে যন্ত্রণার বৃদ্ধি না হয় এইরূপে তাঁহারা পরস্পর বিদায় হই লেন বিদায়ের সময়ে অশ্রুপাত কি হাহাকার করিলেন না কিন্তু ধীর ও নিঃশব্দে তাঁহারদের শেষ বিচ্ছেদ হইল।

যখন তিনি আপনার স্বামির নিকটে এইরূপে বিদায় লইলেন তখন স্বামী কহিলেন যে মৃত্যুর যন্ত্রণা গেল। ক্ষণেক কাল পরে লার্ড রসলের গলাচ্ছেদন করা গেল।

৫৯ সৈন্যের ছাউনীহইতে পলায়ন।

অতিবিখ্যাত যে ফেদ্রিক রাজা তিনি এক রাত্রিতে অগ্রসর চৌকীর তদারক করিতে গমন করিয়া দেখিলেন যে শান্ত্রীকে তলাশী না দিয়া এক জন সিপাহী গমনে উদ্যত হইতেছে। বাদ শাহ তাহাকে স্থগিত করিয়া জিজ্ঞাসা করিলেন যে কোথা যাইস। সে কহিল যে যদি সত্য কহি তে হয় তবে মহাশয় এত যুদ্ধে পরাজিত হইয়া ছেন যে আমি আর তিষ্ঠিতে না পারিয়া সৈন্য হইতে পলায়ন করিতেছিলাম। বাদশাহ প্রত্যুত্তর করিলেন যে ভাল তুমি কেবল আর এক সপ্তাহ থাক এবং যদি তৎকালে আমার ক পাল প্রসন্ন না হয় তবে আমিও তোমার সঙ্গে পলাইব।

60. *The fatal effect of sleep.*

One night the emperor Joseph II. of Germany determined on visiting his guards, to ascertain their fidelity, and what dependence might be placed on their vigilance. Finding them all asleep, he returned to his chamber for some money and bound it up in as many purses as there were soldiers on duty, twelve in number. He then visited them once more, and placed under the arm of each, one of those purses, in every one of which were an hundred pieces of gold. One of the sentries was not asleep, but only feigned to be so; he took particular notice of the emperor, and at his departure, examined the purse which had been put under his arm and found that it contained an hundred pieces of gold. Supposing that the bag of each of his companions contained as much, he thought he might without difficulty, take possession of the money before they awoke. This he immediately put in practice.

৬০ ঘুমের অশুভ ফল।

কোন এক রাত্রিতে জর্ম্মণির দ্বিতীয় যোগেফ নামক বাদশাহ্ আপনার শাস্ত্রীরদের বিশ্বস্ততা নিশ্চয়করণার্থে এবং তাহারদের সতর্কতাতে তিনি কিপর্য্যন্ত বিশ্বাস করিতে পারেন ইহা অবগতহওনার্থে আপনার সৈন্যের মধ্যে গমন করিতে নিশ্চয় করিলেন। তাহারদের সকলকে নিদ্রিত দেখিয়া তিনি আপনার কুটরীর মধ্যে কতক টাকা আনিবার কারণ ফিরিয়া গেলেন এবং তৎসময়ে যত শান্ত্রী নিযুক্ত ছিল অর্থাৎ বার জন ততসংখ্যক তোড়া করিলেন। পরে পুনর্ব্বার তাহারদিগকে সন্দর্শন করিয়া প্রত্যেক জনের বগলে একটা তোড়া রাখিলেন প্রত্যেক তোড়াতে এক সহস্র মোহর ছিল। তাহারদের মধ্যে কেবল এক জন সৈন্য নিদ্রিত ছিল না কেবল নিদ্রার ছল করিয়া সে বাদশাহের দিগে বিশেষ রূপে তাকাইতে লাগিল এবং বাদশাহ প্রত্যাগমন করিলে আপনার বগলের তোড়া খুলিয়া দেখিল যে তাহার মধ্যে এক শত মোহর আছে। ইহাতে সে অনুমান করিল যে তাহার সঙ্গিরদের তোড়াতেও তত্তুল্য মোহর থাকিবে এবং তাহারদের জাগৃতহওনের পূর্ব্বে অনায়াসে তাহা হস্তগত করিতে পারিব ইহা বিবেচনা করিয়া তৎক্ষণাৎ সে সকল গ্রহণ করিল।

The emperor who had no doubt that all the soldiers were asleep fancied that they would be overjoyed on awaking, to discover their good fortune. He therefore caused them to be called together early in the morning, and asked of them successively what they had dreamed the preceding night, and whether the success was answerable to the vision. He imagined that each would say he had found a purse under his arm with an hundred pieces of gold. But not a word of the matter did he hear from the first eleven; when he enquired of the twelfth, the watchful sentinel, he made a profound bow to the king, and said, "Sire, I fancied last night, that a person who very much resembled your Majesty, visited us one after the other; and finding us all asleep, returned to his chamber, but soon after came back with a dozen purses, which he attached severally to the arm of each of us, and then withdrew. Afterwards, Sire, I saw in my dream, that when that venerable and

তাবৎ সৈন্যই নিদ্রিত ছিল এবং জাগরণ সময়ে আপনারদের সৌভাগ্যের দর্শনে তাহারা অতিশয় আহ্লাদিত হইবে, ইহা বাদশাহ ঠাহর রাইয়াছিলেন। অতএব তিনি তাহারদিগের প্রত্যেককে অতিপ্রত্যূষে আহ্বান করিয়া একাদিক্রমে জিজ্ঞাসা করিলেন যে রাত্রিযোগে তোমরা স্বপ্নে কিছু দেখিয়াছিলা কি না এবং স্বপ্নানুসারে তোমরা কৃতার্থ হইয়াছ কি না। তিনি অনুভব করিয়াছিলেন যে তাহারা প্রত্যেকে কহিবে যে আমরা প্রতিজন আপনং বগলে এক শত মোহরপূর্ণ একং তোড়া পাইয়াছিলাম। কিন্তু প্রথম একাদিক্রমে একাদশ ব্যক্তির স্থানে এ বিষয়ের কিছুই শুনিলেন না। যখন তিনি দ্বাদশ ব্যক্তি অর্থাৎ জাগৃত সান্ত্রীকে জিজ্ঞাসা করিলেন তখন সে বাদশাহকে অতিবিনয়পূর্ব্বক নমস্কার করিয়া কহিল যে হে মহারাজ আমি গত রাত্রিতে দেখিলাম, যে আপনার সদৃশ এক জন আমারদিগকে একং করিয়া দেখিতে আইলেন কিন্তু আমারদের সকলকে নিদ্রিত দেখিয়া আপন কুটীরীতে ফিরিয়া গেলেন এবং কিঞ্চিৎকাল পরে ঘারটা তোড়া হস্তে করিয়া আমারদের প্রত্যেকের বগলে একং করিয়া থুইয়া প্রত্যাগমন করিলেন। অপর মহারাজ আমি স্বপ্নে ইহা দেখিলাম যে যখন সেই আদরণীয় দানশীল মহাশয়

generous person had retired, I began to examine the contents of the purse under my own arm, and found in it an hundred pieces of gold. Hence I supposed each of my companions had as many, when I was seized with a sudden desire to put them all together; I did so, and was exceedingly pleased on awaking. This, Sire, is the whole of my dream; I hope your Majesty approves of my conduct.

The emperor learning from this ingenious harangue that this soldier, notwithstanding he had feigned to be asleep like his companions, was the only one awake, permitted him to retain the twelve rewards, saying to him, "the money is all yours, for you only were awake. As for the rest, it is sufficient for them to know, that each had a hundred pieces of gold, which he lost by being asleep. Hence they will learn, that riches are not acquired by slumber; or if by some accident they fall to the share of the slothful, they take flight immediately."

স্থানান্তর হইলেন তখন আমি আপন বগলস্থলের তোড়া খুলিয়া তাহাতে এক শত মোহর পাইলাম অতএব আমি ভাবিলাম যে আমার সঙ্গিরদেরও তত্তুল্য থাকিবে। তাহাতে আমার অকস্মাৎ এই বাসনা জন্মিল যে সেই সকল তোড়া একত্র করি আমি তাহাও করিলাম এবং জাগৃত হইলে আমি তৎকর্ম্মে অতিশয় আনন্দিত হইলাম। হে মহারাজ এইরূপে আমি আপনার স্বপ্নের তাবৎ বৃত্তান্ত কহিলাম আপনি যে আমার ক্রিয়াতে সন্তুষ্ট হইবেন আমার এইমাত্র ভরসা।

বাদশাহ এই গুণশালি কথাদ্বারা ইহা অবগত হইলেন যে এই সান্ত্রী যদ্যপি আপন সঙ্গি লোকের মত নিদ্রিতহওনের ছল করিয়াছিল, তথাপি সে সময়ে কেবল সে জাগৃত ছিল। তাহাতে তিনি ঐ বারো তোড়া পারিতোষিক লইতে তাহাকে অনুমতি প্রদান করিয়া কহিলেন যে তুমি কেবল জাগৃত ছিলা অতএব টাকা তোমারই। অন্যেরা ইহা জানুক যে তাহারদের প্রত্যেকের ভাগ্যে এক শত২ স্বর্ণমুদ্রা ছিল তাহা নিদ্রাপ্রযুক্ত হারাইল ইহাতে তাহারা ইহা শিক্ষিবে যে নিদ্রার দ্বারা ধন আইসে না অথবা যদি কোন সুযোগে অলস ব্যক্তির কপালে টাকা হয় তাহা পুনর্ব্বার তৎক্ষণাৎ উড়িয়া যায়।

61. *Hapless Union.*

৮৫ পরিশ্রমের আশ্চর্য্য ফল।

আরক্রৈতনামক এক জন অতিদরিদ্র ইংগ্লণ্ড দেশে প্রথমতঃ মানচেস্তর নগরে গমন করিয়া ক্ষুদ্র নাপিতের দোকানে চাকরী করিতে লাগিল কিন্তু অতিশয় কার্পণ্যপ্রযুক্ত অত্যল্প বেতন পাইয়াও কিছু টাকা সঞ্চয় করিল। এই অল্প পুঁজিতে নীচের এক কুটরী লইয়া আপনি নিজে ব্যবসায় আরম্ভ করিল। কুটরীর বাহিরে বড় অক্ষরে ইহা

head he displayed this inscription: "Subterranean shaving for a half penny." The novelty of the advertisement soon attracted a large number of customers. A neighbouring cobler one day came to his shop in order to be shaved. The fellow had a remarkably strong rough beard. Arkwright beginning to lather him, said he hoped he would give him another half penny, for his beard was so strong it might spoil his razor. The cobler declared he would not; Arkwright then shaved him for the half penny, and immediately gave him two pair of shoes to mend. This was the basis of Arkwright's extraordinary fortune; for the cobler struck with this unexpected favour, introduced him to the inspection of a cotton machine invented by a particular friend of his. Arkwright got possession of the plan; and it gradually led him to establish machines by which he amassed an immense fortune, second to none in the kingdom, and to the acquisition of a title from the king.

লিখিল যে এই কুটরীর নীচে মৃত্তিকার ভিতরের তালাতে এক পয়সাতে লোকেরা ক্ষৌরী হইতে পাইবে। এইরূপ অশ্রুত ইশ্তেহার দেখিয়া তাহার নিকটে অত্যল্প কালের মধ্যে সকলি ক্ষৌরী হইতে আইল। এক দিন নিকটবাসি এক মুচি ক্ষৌরী হওনার্থে তাহার দোকানে আইল তাহার দাড়ি অতিশয় শক্ত ও কর্কশ ছিল। আরক্রেত যখন তাহার দাড়িতে সাবান দিতে আরম্ভ করিল তখন কহিল যে আপনার এক পয়সা অধিক আমাকে দিতে হইবে যেহেতুক আপনার দাড়ি এমত কর্কশ যে তাহাতে আমার ক্ষুরের ধার ভগ্ন হইবে। মুচি কহিল যে আমি আর এক পয়সা কদাচ দিব না। পরে আরক্রেত তাহাকে কামাইয়া দুই যোড়া জুতা তাহার নিকটে মেরামত করিতে দিল। আরক্রেতের আশ্চর্য্য ধনের মূল এই যেহেতুক তাহার অনপেক্ষিত অনুগ্রহেতে মুচি তুষ্ট হইয়া আপন মিত্র সূতানির্ম্মাণার্থ যে এক কল প্রস্তুত করিয়াছিল তাহা আরক্রেতকে দেখাইল সে সেই কলের নক্শা পাইয়া ক্রমে ঐ প্রকার সূত্রনির্ম্মাণার্থ কল সংস্থাপন করিতে লাগিল এবং তাহার দ্বারা দেশের মধ্যে অদ্বিতীয় ধনী হইয়া বাদশাহকর্ত্তৃক এক উপাধিপ্রাপ্ত হইল।

86. *Sir John Purcell.*

In the year 1811, the house of Sir John Purcell, in Ireland, was attacked by a desperate gang of robbers who forced the windows of the palour adjoining to the room in which he had just retired to rest. They appeared to him to be about fourteen in number. He immediately got out of bed, and his first determination being to make resistence, it was with no small anxiety that he reflected upon the unarmed condition in which he was placed, being destitute of a single weapon. It happily occurred to him that having supped in the bed chamber on that night, a knife had been left behind by accident, and he instantly proceeded to grope in the dark for this weapon, which he fortunately found. He stood in calm but resolute expectation, that the progress of the robbers would soon lead them to his bed chamber; he heard the furniture which had been placed against a door displaced, and

৮৬ সর জন পর্সল।

১৮১১ সালে ঐর্লণ্ডদেশে সর জন পর্সল সাহে
বের ঘর অতিশয় অসমসাহস এক দল ডাকাইত
কর্ত্তৃক আক্রান্ত হইল বিশেষতঃ যে কুটরীতে তিনি
শয়ন করিতে গিয়াছিলেন সেই কুটরীর নিকটস্থ
কামরার খিড়কী তাহারা বলদ্বারা খুলিল। ঐ
সাহেব তাহারদের চৌদ্দ জনকে আসিতে দেখি
লেন। তিনি তৎক্ষণে শয্যাহইতে উটিয়া প্রথমতঃ
তাহারদের আগমন নিবারণ করিতে নিশ্চয় করি
লেন কিন্তু যখন তিনি দেখিলেন যে তাঁহার স্থানে
কিছু অস্ত্রশস্ত্র নাই এবং তিনি নিতান্ত অনুপা
য়ী তখন তাঁহার মনের মধ্যে কিঞ্চিদুদ্বেগ জন্মিল।
অতিশয় সৌভাগ্যক্রমে তাঁহার স্মরণ হইল যে পূ
র্ব্বরাত্রিতে তিনি শয়নাগারে ভোজনকরণানন্তর দৈ
বাৎ সেখানে এক ছুরী রাখিয়া আসিয়াছিলেন এ
বং তিনি অতিশীঘ্র অন্ধকারে সেই অস্ত্রের অনুস
ন্ধানে গমনপূর্ব্বক হাতড়িয়া২ অতিশয় শুভাদৃষ্টক্র
মে সেই ছুরী পাইলেন। ইতিমধ্যে ডাকাইতেরা
তাঁহার শয়নাগারে অতিশীঘ্র আসিবে ইহার অ
পেক্ষায় তিনি অতিশয় ধৈর্য্যাবলম্বী অথচ দৃঢ়প্রতি
জ্ঞ হইয়া থাকিলেন তাঁহার কামরার এক দ্বারের
বাহিরে যে সকল লওয়াজিমা দ্রব্য রাখা গিয়া
ছিল তাহারা তাহা ক্রমেং সরাইতেছে ইহা শু

immediately afterwards the door was burst open by the robbers. The moon shone with great brightness and when this door was thrown open, the light streaming in through three large windows in the parlour, afforded Sir John a view that might have made an intrepid spirit not a little apprehensive. His bed room was very dark in consequence of the shutters of the windows being closed; thus while he stood envoloped in darkness, he saw standing before him, by the brightness of the moonlight, a body of armed men. Armed only with this knife, and aided only by a dauntless heart, he took his station at the side of the door, and in a moment after, one of the villains entered from the parlour into the dark room. Instantly upon advancing, Sir John plunged the knife into the robber's body, who upon receiving this thrust, rolled back into the parlour, crying out that he was killed.

Shortly after another advanced, who was wounded in a similar manner, and who also

নিলেন এবং কিছু কালপরে সেই দ্বার ডাকাই তেরা খুলিল। সেই সময়ে জ্যোৎস্না ছিল এবং যেমন কপাট মুক্ত হইল তেমন বাহিরের কুটরীর তিনটা খিড়কীহইতে যে আলো প্রবিষ্ট হইল তাহাতে তিনি যাহা দেখিলেন তাহাতে কে না ভীত হয়। তাঁহার নিজ শয়নের কুটরীর খিড়কী বন্ধহওয়াপ্রযুক্ত সেই কুটরী অন্ধকারময় ছিল অতএব তিনি স্বয়ং অন্ধকারে মগ্ন হইয়া আপনার সম্মুখে উত্তমরূপে অস্ত্রান্বিত একদল ডাকাইত জ্যোৎস্নার দ্বারা দেখিলেন। অতএব কেবল এই ছুরিকা এবং নির্ভয় প্রাণে সুসজ্জ হইয়া তিনি দ্বারের আড়ালে দণ্ডায়মান থাকিলেন এবং এক লহমার পরে দস্যুদের এক জন বাহিরের কামরাহইতে অন্ধকার কামরায় প্রবেশ করিল। ঐ দস্যু আগমন করিবামাত্র সাহেব তাহার শরীরে ছুরী বিদ্ধ করিলেন এবং সেই ব্যক্তি আঘাতী হইয়া পশ্চাৎস্থ কামরায় হটিতে২ কহিল যে আমি হত হইলাম২।

কিছু কালপরে অন্য এক জন দস্যু আগত হইলে তদ্রূপে আঘাতী হইয়া টলমল করিয়া বাহিরের

staggered back into the parlour, crying out that he was wounded. A voice from the outside gave orders to fire into the dark room, upon which a man stepped forward with a short gun in his hand. As this fellow stood in the act of firing, Sir John had the amazing coolness to look at his intended murderer, and, without making any noise that might point out the exact spot where he was standing, calmly calculated that the contents of the piece were likely to pass close to his breast without wounding him; in this state of firm expectation he stood without flinching; the piece was fired, and its contents harmlessly lodged in the wall.

As soon as the robber fired, Sir John made a push at him with his knife, and wounded him in the arm, which he repeated again in a moment, and the villain upon being wounded retired as the others had done, exclaiming that he was killed. The robbers immediately rushed forward from the parlour into the dark room,

কুটরীতে ফিরিয়া গেল এবং সেই রূপ শব্দ করিতে লাগিল। তাহাতে বাহিরহইতে ডাকাইতেরা অন্ধকার কামরায় গুলি মারিতে হুকুম করিল এবং তৎক্ষণাৎ এক ব্যক্তি এক ক্ষুদ্র বন্দুক হস্তে করিয়া অগ্রসর হইল। সেই ব্যক্তি যেমন বন্দুক ছুড়িতে প্রস্তুত হইল তেমন সাহেব অতিশয় নির্ভয়রূপে তাহার মুখের দিগে তাগা করিতে লাগিলেন এবং তিনি যে স্থানে দণ্ডায়মান ছিলেন তাহা প্রকাশ না হয় এতন্নিমিত্তে শব্দ না করিয়া অতিশয় স্থিরমনারূপে লক্ষ করিয়া দেখিলেন যে তাহার বন্দুকের গুলি তাঁহার পার্শ্ব দিয়া গমন করিবে কিন্তু তাঁহার শরীরে আঘাত লাগিবে না। এই স্থিরমনস্কাবস্থায় তিনি কিছু না হটিয়া দণ্ডায়মান থাকিলেন। ডাকাইত বন্দুক ছুড়িল এবং তাহার গুলি সাহেবের গাত্রে না লাগিয়া দেওয়ালে বিদ্ধ হইল।

গুলি নিক্ষিপ্ত হইবামাত্র পর্সল সাহেব ছুরীদ্বারা তাহার বাহুতে আঘাত করিলেন। তৎক্ষণাৎ বারম্বার আঘাত করিলে সেই ডাকাইত আঘাতী হইয়া পূর্ব্ববৎ পশ্চাৎ হটিয়া কহিল যে আমি মরিলাম। ইহা শুনিয়া ডাকাইতেরা সকলেই ঐক্য হইয়া বাহিরের কুটরীহইতে অন্ধকার কুটরীর প্রতি ধাবমান হইল এবং তখন পর্সল সা

and then it was that Sir John's mind recog-
nized the deepest sense of danger. He thought
all chance of preserving his own life was over;
but he resolved to part with that life only by
the death of some of the murderers. The mo-
ment the villains entered the room, he struck
at the first fellow with his knife, and wound-
ed him. At the same instant one of them gave
him a blow on the head, and grappled with
him. He stabbed at the fellow with whom
he found himself engaged. The floor being
slippery with blood, Sir John and his adver-
sary both fell, and while they were on the
ground, Sir John thinking that his thrusts
with the knife, though made with all his force,
did not seem to produce the decisive effect
which they had in the beginning of the conflict,
he examined the point of his weapon with
his finger, and found that the blade of it had
been bent near the point. As he lay strug-
gling on the ground, he endeavoured, but un-

হেব আপনাকে অত্যন্ত সঙ্কটাপন্ন জ্ঞান করিয়া ভাবিলেন যে এইক্ষণে আমার প্রাণ রক্ষা হওনের আর কোন উপায় নাই কিন্তু ডাকাইতেরদের ক তক ব্যক্তিকে খুন না করিয়া যে মরিবেন না ইহা নি শ্চয় করিলেন। দস্যুরা কুঠরির মধ্যে প্রবেশ করিবা মাত্র তিনি আগেকার বেটাকে ছুরীর দ্বারা আঘা তি করিলেন তন্মাত্রই সাহেবের মস্তকে আর এক জন একটা ঘা মারিয়া তাঁহার সঙ্গে কুস্তাকুস্তি করিতে লাগিল। যাহার সঙ্গে এমত হাতাহা তি হইতেছিল তাহার প্রতিও তিনি আঘাত করি লেন। তৎকালে ঘরের মেজিয়া রক্ত ধারাপাতে পিচ্ছল হওয়াতে সর জন পর্সল সাহেব ও তাঁ হার শত্রু উভয়েই পা পিছলিয়া পড়িয়া গেলেন এবং তাঁহারা যে সময়ে মৃত্তিকাতে পতিত ছি লেন তৎসময়ে সর জন সাহেবের বোধ হইল যে তাবৎ বলপূর্ব্বক ছুরীর দ্বারা আঘাত করিতেছি বটে কিন্তু যুদ্ধের আরম্ভ সময়ে তাহাতে যাদৃশ ফল দর্শিয়াছিল এইক্ষণে তাদৃশ ফল দৃষ্ট হইতেছে না। তাহাতে তিনি ঐ ছুরীর অগ্রভাগ অঙ্গুলির দ্বারা পরীক্ষা করিয়া দেখিলেন যে কিঞ্চিৎ মুইয়া গিয়াছে। অপর মৃত্তিকাতে পড়িয়া কুস্তাকুস্তি করণ সময়েই ঐ ছুরীর অগ্রভাগ সোজা করি

successfully to straiten it. While making this attempt, he perceived that the grasp o his adversary was losing its pressure, and i a moment after he found himself released from it, the fellow being in the arms of death. A length the robbers, finding so many of their party killed or wounded, employed themselves in removing the bodies out of the house. Sir John embraced this opportunity of retiring to a place of safety, a little distant from the house. On the departure of the banditti he returned, and placing his daughter-in-law and grand-child in a place of safety, took all the necessary precautions to prevent his being again attacked. One of the robbers was afterwards apprehended, and on his trial confessed that the party had consisted of nine persons, of whom two had been killed and three wounded by the single arm of Sir John Purcell.

87. *Coolness of Frederick the Great.*

Frederick the Great, the King of Prussia,

তে চেষ্টা পাইলেন কিন্তু পাইলেন না। এমত উদ্যোগ করত দেখিলেন যে তাঁহার শরীরের প্রতি শত্রুর হস্তের গ্রাস কিঞ্চিৎ শৈথিল্য হইতেছে এবং কিঞ্চিৎ কাল পরেই তাহাহইতে একেবারে মুক্ত হইলেন কারণ ঐ দস্যু মৃত্যুর গ্রাসেই পড়িয়াছিল। পরিশেষে দস্যুরা আপনারদের অনেক কে হত বা আঘাতি দেখিয়া শব সকল বাহির করিতে লাগিল। এবং সর জন সাহেব এই সুসময় বুঝিয়া ঘরহইতে কিঞ্চিদন্তরে একটা নির্জ্জন স্থানে আশ্রয় লইলেন। দস্যুরা প্রত্যাগমন করিলে তিনি ফিরিয়া আসিয়া আপনার পুত্রবধূ ও পৌত্রকে একটা নিরাপদ স্থানে রাখিয়া তাহারা পুনরাক্রমণ করিতে নাপারে এমত উপায় চেষ্টা করিতে লাগিলেন। ইহার পরে দস্যুরদের মধ্যে এক জন ধরা পড়িয়া মোকদ্দমার সময়ে কবুল করিল যে আমারদের দলের মধ্যে নয় জন ছিল একাকি সর জন সাহেবের সাহসেতে তন্মধ্যে দুই জন হত এবং তিন জন দারুণ আঘাতী হয়।

৮৭ মহা ফ্রেড্রিকের অনুপম স্থিরতা।

প্রুসীয়ার রাজা মহা ফ্রেড্রিক এক সময়ে রুসী

being once posted with his troops at Newmarck opposite to the immense Russian army, which was separated from him only by a river, went out to reconnoitre the enemy with a single page and an officer. Having laid his glass upon the shoulder of the page, he began to observe the Russians, who as soon as they perceived him, kept up a smart fire upon the spot where he stood. The balls struck the ground on all sides, and threw up the earth which covered his coat and hat. At last the officer thought it his duty to apprize his Majesty of the danger, and pointed out the effect of the enemy's shot upon his clothes. The king did not answer him for some time, but at length turned his head, and said with great composure, 'If you are afraid, you may go back,' and then continued his observations. After having seen every thing he wished, he said to the trembling page, 'Now I have done, you may pack up every thing.' Then

য়েরদের বহুসংখ্যক সৈন্যেরদের সম্মুখবর্ত্তি মিউমার্কস্থানে সসৈন্যে অবস্থিত ছিলেন মধ্যস্থানে কেবল এক নদী ব্যবহিতা ছিল। পরে তিনি এক বালক ভৃত্য ও সেনাপতিসমভিব্যাহারে বিপক্ষের দের তত্ত্ব লইতে গমন করিলেন। অপর এক দুর বিন ঐ ভৃত্যের স্কন্ধোপরি স্থাপিত করিয়া রুসীয়ে রদিগকে নিরীক্ষণ করিতে লাগিলেন। রুসীয়েরা তাঁহাকে দেখিবামাত্র যে স্থানে তিনি দণ্ডায়মান ছিলেন ঐ স্থানের প্রতি অবিরত গোলা নিক্ষেপ করিতে লাগিল। ঐ গোলা ইতস্ততঃ মৃত্তিকাতে লাগাতে মৃত্তিকাসকল উড্ডীয়মানা হইয়া রাজার কুর্ত্তি ও টুপি তাহাতে ধূসর হইল অবশেষে সঙ্গি সেনাপতি উপস্থিত সঙ্কট রাজাকে দর্শাইতে আব শ্যক বোধ করিয়া বিপক্ষেরদের গোলায় রাজার বস্ত্রাদির যে কিরূপ দশা হইয়াছে তাহা রাজাকে দর্শাইলেন। রাজা কিঞ্চিৎ কাল কিছু উত্তর না করি য়া পরিশেষে তাঁহার প্রতি মস্তক ফিরাইয়া কহি লেন যে তোমার যদি ভয় হইয়া থাকে তবে তুমি ফিরিয়া যাও ইহা কহিয়া আপনি পূর্ব্ববৎ নিরী ক্ষণ করিতে লাগিলেন। পরে ইচ্ছানুরূপ তাবদ্দর্শন করিয়া ভয়ে কম্পায়মান ঐ ভৃত্য বালককে কহি লেন যে আমার কর্ম্ম সম্পন্ন হইল এইক্ষণে সকল

mounting his horse, he rode gently back to his camp.

88. *Intrepid Bishop.*

A house in the town of Auch had taken fire; in the highest story of it there was a feeble old woman, cut off from all chance of escape. The bishop of the place offered a reward of 2000 Rupees to any one who would rescue her from destruction; but none came forward. The flames made rapid progress, and the unfortunate woman was on the point of perishing, when the bishop wrapped a wet cloth around him, rushed into the burning pile, reached the woman, and brought her down in safety.

89. *Bukhiyar Khullijy.*

The first chief who raised the Moosulman standard in Bengal was Buktiyar Khullijy.

রক্ষা কর। ইহা কহিয়া তিনি স্বীয় অশ্বারোহণে অতি ধীরে২ স্বীয় শিবিরে ফিরিয়া চলিলেন।

৮৮ সাহসিক ধর্ম্মাধ্যক্ষ।

অথ নগরের এক গৃহে অগ্নি লাগিয়াছিল উপরিস্থ তালায় এক বৃদ্ধা স্ত্রী ছিল তাহার রক্ষা পাওনের কিছু মাত্র উপায় ছিল না। পরে ঐ স্থানের ধর্ম্মাধ্যক্ষ কহিলেন যে ঐ স্ত্রীকে যে ব্যক্তি রক্ষা করিতে পারিবে তাহাকে আমি পারিতোষিক দুই সহস্র মুদ্রা প্রদান করিব কিন্তু তৎকর্ম্মে কেহই অগ্রসর হইল না। ইতিমধ্যে অগ্নির অতিশয় বৃদ্ধি হওয়াতে ঐ অভাগা স্ত্রীকে প্রায় আসন্নমৃত্যু দেখিয়া ধর্ম্মাধ্যক্ষ মহাশয় একখান আর্দ্র বস্ত্র সর্ব্বাঙ্গে জড়াইয়া সেই অগ্নিময় গৃহমধ্যে অতি বেগে প্রবেশ করত স্ত্রীকে লাগাইল পাইয়া নির্ব্বিঘ্নে নামাইয়া আনিলেন।

৮৯ বক্তিয়ার খলেজী।

যে সেনাপতিকর্ত্তৃক বঙ্গদেশে জাবনিক পতাকা প্রথম উড্ডীয়মানা হয় তাঁহার নাম বক্তিয়ার খলে

His appearance was mean, and his person so deformed, that when he offered to enlist into the army of Mahomedan Ghory of Lahore, he was refused admittance. Finding it impossible to obtain a place in the imperial service, he enlisted as a horseman in the service of one of the provincial governors, and his activity, courage and abilities very soon secured his promotion. Having signalized himself on several important occasions he was at length appointed to command the army which was destined to the conquest of Behar.

In this employment he was eminently successful, and returned at the end of two years laden with plunder. The Viceroy, pleased with his conduct, conferred such honour on him as raised the envy of his competitors and led them to determine on his removal from the Court. The plot which they devised for his disgrace was this; when the whole Court was assembled, some of the nobles took an opportunity of introducing the subject of the

জী। দর্শনে তিনি অতি কুৎসিত এবং তাহার শ
রীর এমত বিরূপ যে লাহোরের অধ্যক্ষ মহম্মদ
ঘোড়ীর সৈন্যেরদের মধ্যে ভর্ত্তি হইতে চেষ্টা পা
ইলে ঐ সেনাপতি তাঁহাকে কদাচ প্রবিষ্ট হইতে
দিলেন না। অতএব বাদশাহের চাকরীতে স্থান
পাওয়া অসাধ্য দেখিয়া তিনি অশ্বারূঢ়ের ন্যায়
এক জন সুবাদারের চাকরিতে প্রবেশ করিলেন।
এবং তাঁহার নিকটে আপনার চালাকি সাহস
গুণ দর্শাইয়া তিনি অতি শীঘ্র উচ্চ পদপ্রাপ্ত হই
লেন। পরে নানা গুরুতর কার্য্যে তাঁহার বীর্য্য
প্রকাশমান হইলে সুবা বেহার জয় করণার্থে যে
সৈন্য নিযুক্ত ছিল তাহার আধিপত্য প্রাপ্ত হই
লেন।

ঐ কর্ম্মে তিনি অত্যাশ্চর্য্য কৃতকৃত্য হইয়া দুই
বৎসরান্তর লুণ্ঠিত ধনে ভারাক্রান্ত হইয়া প্রত্যাগ
মন করিলেন। পরে সুবাদার তাঁহার কর্ম্মে অতি
সন্তুষ্ট হইয়া তাঁহাকে এমত সম্ভ্রম করিলেন যে তা
হাতে তৎ প্রতিযোগি ব্যক্তিরদের ঈর্ষা জন্মিল
এবং তাঁহারা নিতান্তই তাঁহাকে দরবারহইতে তা
ড়িয়া দিতে নিশ্চয় করিলেন। অপমান করণার্থে তাঁ
হারা যে ষড়যন্ত্র করেন সে এই। একদিবস তাবৎ
লোক দরবারে সমাগত হইলে কতক ওমরা সু

recent conquest of Behar, and of extolling the daring bravery of Buktiyar; adding, that they were sure he would single handed contend with and overcome a fierce elephant; this was contradicted by others, and the matter was referred to the Viceroy, who propounded it to Bukhtiyar. He, dreading the imputation of cowardice boldly agreed to try the contest.

A large elephant was then introduced into the area in front of the Palace, and Buktiyar without making any other preparation, simply threw off his upper garment, and girding up his loins, advanced with a battle axe in his hand. The elephant, urged on by his driver, made a charge at Buktiyar, who dexterously avoided it, and at the same time struck the elephant with his battle axe with such force on the trunk, that the animal screamed and ran off. Shouts of wonder resounded through the palace, and the Viceroy not only presented the general with a large

যোগ বুঝিয়া বেহারের সম্প্রতিকার অধিকার করণের কথা উল্লেখ করিলেন এবং বক্তিয়ারের অসম সাহসের প্রশংসা করিয়া কহিলেন যে অবশ্যই ইনি সহকারিতাব্যতিরেকে মত্ত হস্তির সঙ্গে যুদ্ধ করিয়া পরাজয় করিতে পারেন। অন্য আমলারা কহিলেন যে না কখন ইহা পারেন না। পরে এতদ্বিষয় সুবাদারের নিকটে অর্পণ হইলে তিনি বক্তিয়ারের নিকটে তাহা প্রস্তাব করিলেন। বক্তিয়ার আপনাকে পাছে ভীরু বলে এই ভয়ে অতি সাহসপূর্ব্বক ঐ যুদ্ধ করাও স্বীকার করিলেন।

অপর রাজবাটীর সম্মুখবর্ত্তি উঠানে বৃহৎ এক মত্ত হস্তী আনীত হইল এবং বক্তিয়ার অন্য কোন বিষয়ে সলজ্জ না হইয়া আপনার উত্তরীয় বস্ত্রখানি ত্যাগ করিয়া কেবল কটিবন্ধনপূর্ব্বক এক কুঠার হস্তে করিয়া অগ্রসর হইলেন। হস্তিপকের দ্বারা হস্তী চালিত হইয়া বক্তিয়ারের উপর চড়াউ করিল। তিনি অতিনৈপুণ্যরূপে এক দিগে সরিয়া এক কালে হস্তির শুণ্ডোপরি কুঠারের দ্বারা এমত আঘাত করিলেন যে হস্তী চীৎকার শব্দ করত পলায়ন করিল। তৎক্ষণাৎ রাজবাটীময় এককালে অতিবিস্ময়সূচক রব হইল এবং সুবাদার ঐ বক্তিয়ার সেনাপতিকে বহু সংখ্যক মুদ্রা প্রদান

sum of money himself, but ordered all the nobles to present offerings to him likewise. The sum collected on this occasion was very considerable, but Buktiyar scorning to touch it, distributed the whole among the servants of the court.

Shortly after this event he was appointed governor of Behar, with orders to extend his conquests over all the neighbouring countries.

90. *Muley Mooluk.*

The Africans record wonders of the life and death of their King Muley Mooluk, who was invaded in his own dominions by Sebastian King of Portugal. The Royal Moor was wasted away by sickness when the invasion took place, and on the day of battle was ready to expire. Being brought to his camp in a litter, he gave particular orders to his officers to conceal his death, if he should expire during the action. He was conveyed from

করিলেন এবং তদতিরিক্ত তাবৎ ওমরাদিগকে তদনুরূপ তাঁহাকে পারিতোষিক প্রদান করিতে আজ্ঞা করিলেন। এতদ্রূপে যে মুদ্রা সংগৃহীত হয় সে অতিবহুসংখ্যক কিন্তু বক্তিয়ার তাহার এক পয়সা মাত্র স্পর্শ না করিয়া দরবারের ভৃত্য গণকে বণ্টনপূর্ব্বক বিতরণ করিলেন।

ইহার কিঞ্চিৎ কালপরে তিনি বেহারের সুবা দারী পদে নিযুক্ত হইয়া নিকটবর্ত্তি প্রদেশ সকল জয় করিতে আজ্ঞা প্রাপ্ত হইলেন।

৯০ মূলিমূলক।

আফ্রিকীয়েরা আপনারদের রাজা মূলিমূলক জং বদ্দশায় ও মুমূর্ষু অবস্থায় যে কর্ম্ম করিলেন তাহ আশ্চর্য্যরূপ বর্ণনা করেন। সিবাস্তিয়াননামব পোর্ত্তুগালের রাজা তাঁহার অধিকারের উপর আক্রমণ করিলেন। আক্রমণসময়ে ঐ মুসল মান রাজা রোগে অতিজীর্ণ এবং যুদ্ধের দিবসে মুমূর্ষু প্রায় ছিলেন। তিনি একখান ডুলিতে শি বিরে আনীত হইয়া স্বীয় সেনাপতিরদিগকে বি শেষ আজ্ঞা দিলেন যে যুদ্ধ করিতেং যদি আমার মৃত্যু হয় তবে তাহা অতিগোপন করিবা পরে সৈন্যের এক শ্রেণীহইতে অপর শ্রেণীতে বাহিত

rank to rank, and exhorted the Moors to fight valiantly in defence of their religion and their country. The battle commenced, and the king's right wing was pushed by the Portuguese troops. When the dying monarch saw his troops in disorder, and flying before the enemy, he leaped out of the litter, and endeavoured, though in the embrace of death, to re-animate them. His officers endeavoured in vain to restrain him; sword in hand he moved through his flying troops, who, encouraged by the example of their prince, returned to the charge, repulsed the enemy and regained their honour. The king had no sooner performed this heroic deed than he fainted in the arms of his generals, and was conveyed back in his litter to the camp, where he expired shortly after.

91. *Sir Isaac Newton.*

* Sir Isaac Newton, one of the greatest philo-

হইয়া মুসলমানেরদিগকে স্বীয় দেশ ও ধর্ম্ম রক্ষার্থে সাহসপূর্ব্বক যুদ্ধ করিতে প্রবোধ জন্মাইলেন। যুদ্ধ আরম্ভ হইলেই পোর্ত্তুগীসীয় সৈন্যের বাদশাহের দক্ষিণাংশের সৈন্যেরদিগকে কিঞ্চিৎ হঠাইয়া দিল। ঐ মুমূর্ষু রাজা স্বীয় সৈন্যেরদের মধ্যে গোলমাল ও তাহারদিগকে বিপক্ষেরদের সম্মুখ হইতে পরাঙ্মুখ দেখিয়া ডুলিহইতে লম্ফ প্রদান পূর্ব্বক বহির্গতি হইয়া যদ্যপিও তিনি তদানীং প্রায় মৃত্যুমুখগত তথাপি তাঁহারদিগকে অনেক প্ররোচনা বাক্য কহিলেন। তাঁহার সেনাপতিরা তাঁহাকে থামাইতে উদ্যোগ করিলেন বটে কিন্তু পারিলেন না তলবারহস্ত হইয়া তিনি আপনার ঐ পলাতক সৈন্যেরদের মধ্যদিয়া যুদ্ধার্থ ধাবমান হইলেন এবং তাহারা স্বীয় রাজার সাহসের আদর্শ দৃষ্টে সাহসিক হইয়া পুনর্ব্বার রণস্থলে ফিরিয়া আসিয়া বিপক্ষেরদিগকে তাড়াইয়া দিল ও আপনারদের সম্ভ্রম বজায় রাখিল। এই অসম সাহসিক কর্ম্ম সম্পন্ন করিবামাত্র রাজা স্বীয় সেনাপতিরদের হস্তে একেবারে অচৈতন্যাবস্থায় পতিত হইলেন এবং সৈন্যেরা তাঁহাকে শিবিরপর্য্যন্ত ডুলিতে লইয়া গেলে সেই স্থানেই তাঁহার লোকান্তর প্রাপ্তি হইল।

৯১ সর আইজক নিউটন।

সর আইজক নিউটন পৃথিবীর মধ্যে পণ্ডিতচূ

sophers the world has ever produced, was at the same time a man of peculiar mildness of character. He had been employed for a long time on a series of calculations on which he had bestowed extraordinary labour. One evening having indiscreetly left his door open, his little dog Fido went in and threw down his candle, which set fire to his valuable papers and entirely consumed them. When Newton entered the room and saw the irreparable mischief which had been done, he simply exclaimed, Ah Fido, you know not what harm you have committed.

92. *Drinking up the Sea.*

Amasis, king of Egypt, was reputed one of the most learned men of his time, and through his love of science, had shown peculiar marks of favour to Thales, the philosopher of Miletus. Between Amasis and the king of Ethiopia there subsisted an extraordinary emulation;

ড়ামণি অথচ অতি কোমলস্বভাব ছিলেন। তিনি বহুকালপর্য্যন্ত গণনার একদীর্ঘ শ্রেণীতে অত্যন্ত যত্ন করিয়াছিলেন। এক দিবস অপরাহ্নে তিনি অনবধানতাপূর্ব্বক স্বীয় গৃহের দ্বার মুক্ত রাখিয়া বহির্গত হইলেন তাহাতে ফায়ডোনামক তাঁহার এক ক্ষুদ্র কুকুর কুঠরীর ভিতরে প্রবিষ্ট হইয়া প্রজ্বলিত বাতী ফেলিয়া দেওয়াতে তাঁহার ঐ অতি বহুমূল্য কাগজপত্রে অগ্নি লাগিয়া তাবৎ পুড়িয়া গেল। নিউটন কুঠরীতে আগমন করত ঐ অপ্রতিকার্য্য ক্ষতির প্রতি দৃষ্টি করিয়া এই মাত্র কহিলেন যে হায় ফায়ডো আমার যে কত ক্ষতি করিয়াছিস্ তাহা তুই জানিস্ না।

১২ সমুদ্র পানকরণ।

আমাসিসনামক মিসর দেশের রাজা তৎকালের গুণিগণের মধ্যে অতি প্রসিদ্ধ ছিলেন এবং বিদ্যা বিষয়ে অত্যন্তাসক্তহওয়াতে মাইলিটস নগরের থালিসনামক পণ্ডিতের প্রতি বিশেষ অনুগ্রহ করিয়াছিলেন। ইথিয়োপিয়া দেশের রাজার সঙ্গে ঐ আমাসিসের আশ্চর্য্য প্রতিযোগিতা ছিল এবং তাঁহারা পরস্পর অতিগূঢ় বিদ্যার বিষয় জিজ্ঞাসা

each proposed questions to the other difficult to be solved, and sometimes staked whole districts in their dominions.

In one of these disputes the king of Egypt finding himself unable to maintain the contest himself, or to obtain adequate assistance from the learned men of his own dominions, sent a letter to Bias the Philosopher, the contents of which were as follow:

Amasis, king of Egypt, to Bias, the wisest of the Greeks: The king of Ethiopia cometh with me for pre-eminence in wisdom. Repeatedly overcome by me, he hath at length made a strange demand, that I should drink up the sea. If I resolve this proposition I shall acquire from him many towns and cities; if otherwise, I must lose much of my territories. Consider the matter, and send me an answer with all speed.

When Bias received this letter he was residing in company with many of the philosophers of the age at Corinth. As soon as he

করিয়া থাকিতেন এবং কখন২ উত্তর দেওনের বিষয়ে স্ব২ রাজ্যের কোন২ প্রদেশ পণ রাখিতেন।

এতদ্রূপ বিচার করত এক সময়ে মিসরদেশীয় রাজা স্বয়ং ঐ বিচারে উত্তীর্ণহইতে না পারিয়া এবং স্বীয় রাজ্যের মধ্যে পণ্ডিতগণের উপযুক্ত মত সাহায্য না পাইয়া বিয়াস পণ্ডিতের নিকটে পত্র লিখিলেন তাহার মর্ম্ম এই।

গ্রীকীয়েরদের মধ্যে গুণিগণাগ্রগণ্য বিয়াসের প্রতি মিসরদেশীয় রাজা আমাসিসের নিবেদন। ইথিয়োপিয়ার রাজা আমার সঙ্গে বিদ্যা বিষয়ে প্রতিযোগিতাচরণ করিতেছেন বারম্বার আমা কর্তৃক পরাজিত হইয়াও এইক্ষণে আমার নিকটে এই দাওয়া করিতে উদ্যত হইয়াছেন যে তোমার সমুদ্র পান করিতে হইবে। যদি আমি এই কথার সদুত্তর প্রদান করিতে ক্ষম হই তবে তাঁহার স্থানে অনেক নগর পাইতে পারি নতুবা আমার অধিকারের অনেক ক্ষতি হয়। অতএব ইহা আপনি বিবেচনা করিয়া অতিশীঘ্র সদুত্তর প্রেরণ করিবেন।

বিয়াস পণ্ডিতমণি যখন এই পত্র প্রাপ্ত হইলেন তখন কোরিন্থ নগরের অনেক বিজ্ঞ পণ্ডিত লোকের সমাজচক্রে উপবিষ্ট ছিলেন। পত্র

had perused it, he addressed the messenger and said, Why will Amasis who possesses so large a country and commands so many men, drink up the sea for a few obscure villages? The messenger replied, if he was desirous of doing it, tell me how he may accomplish it. The Philosopher answered, the demand of the king of Ethiopia concerns only that which is now in the sea, not that which shall hereafter flow into it. Bid the king withhold the rivers from running into the sea until Amasis shall have drunk up that which is now therein. This ingenious reply delighted the philosophers, and the king's messenger returned with great satisfaction.

93. *Lord Stair and Louis* XV.

Louis XV. was told that Lord Stair, the English embassador at his Court, was one of the best bred men in Europe. I shall soon put him to the the test, said the king; and

পাঠকরণানন্তর তিনি রাজদূতকে সম্বোধন করিয়া কহিলেন যে তোমার রাজা আমাসিস অতি মহারাজ চক্রবর্ত্তী এবং বহুপ্রজার অধিপতি অতএব তিনি কি নিমিত্ত কএক ক্ষুদ্র গ্রাম প্রাপণাশয়ে অতিপরিশ্রমে সমুদ্র পান করিবেন। দূত উত্তর করিল ভাল সে যাহা হউক যদ্যপি তিনি সমুদ্র পান করিতেই ইচ্ছা করিয়াছেন তাহাই বা কিরূপে সম্পন্ন করিবেন তাহা আজ্ঞা করুন। তাহাতে পণ্ডিত উত্তর করিলেন যে ইথিয়োপিয়ার রাজা যে প্রস্তাব করিয়াছিলেন সে সমুদ্রের বর্ত্তমান জলপানবিষয়ক কিন্তু আগমিষ্যৎ জলপানবিষয়ক নহে অতএব তাঁহাকে কহ যে সমুদ্রের বর্ত্তমান জল আমাসিস যেপর্য্যন্ত পান না করিবেন সেই পর্য্যন্ত তাবন্নদনদী বদ্ধ করুন যে যাহাতে সমুদ্রে অন্য কোন জল প্রবিষ্ট হইতে না পারে। এই অতিতীক্ষ্ণ বুদ্ধির উত্তরের দ্বারা পণ্ডিতগণ অতি সন্তুষ্ট হইলেন এবং রাজদূতও অত্যানন্দে প্রস্থান করিল।

১৩ লার্ড ষ্টের ও পঞ্চদশ লুইশ রাজা।

পঞ্চদশ লুইশ রাজাকে কথিত হইয়াছিল যে তাঁহার দরবারে ইঙ্গলণ্ডীয়দের উকীল লার্ড ষ্টের সাহেব ইউরোপের মধ্যে সর্ব্বাপেক্ষা সভ্য। রাজা উত্তর করিলেন ভাল তাহা শীঘ্রই পরীক্ষিত

asking Lord Stair to take an airing with him, as soon as the door of the coach was opened, he bade him pass and go in: the other bowed and obeyed. The king said, the world is in the right in the character it gives you; another person would have made no wait with ceremony.

94. *Honour.*

After the battle of Culloden, in the year 1745, a reward of thirty thousand pounds was offered to any one who should discover or deliver up the young Pretender, who had endeavored to obtain the throne of England. He had taken refuge with two common thieves, who protected him with the greatest fidelity; robbed for his support, and often went in disguise to purchase provisions for him. A considerable time afterwards, one of those men, who had resisted the temptation of thirty thousand pounds from a regard to his honour, was

হইবে পরে তাঁহার সঙ্গে বায়ুসেবনার্থ ঐ উকীলকে আহ্বান করিয়া গাড়ির দ্বার মুক্ত হইবা মাত্র তাহাকে অগ্রসর হইয়া আরোহণ করিতে কহিলেন তিনি তৎক্ষণাৎ তাহা করিলেন। তাহাতে রাজা কহিলেন আপনকার সভ্যতাবিষয়ে যাহা লোকে কহে তাহা যথার্থ বটে কারণ এমত স্থলে অন্যব্যক্তি হইলে এমত ওজোর করিয়া আমাকে ত্যক্ত করিত যে না মহারাজ আপনি অগ্রে আরোহণ করুন।

৯৪ সম্ভ্রম।

১৭৪৫ সালে কলোডেন স্থানের যুদ্ধনান্তর রাজ্যাকাঙ্ক্ষি যে যুবরাজ ইঙ্গলণ্ডের সিংহাসন প্রাপণের উদ্যোগ করিয়াছিলেন তাঁহাকে দেখিয়া দেওয়া বা ধরিয়া দেওনার্থ গবর্ণমেণ্ট তিন লক্ষ টাকা পারিতোষিক প্রদানের ঘোষণা করিলেন। যুবরাজ তৎকালে দুই জন চোরের নিকট আশ্রয় লইয়াছিলেন তাহারা অতিবিশ্বস্ততারূপে তাঁহাকে রক্ষা করিয়া তাঁহার প্রতিপালনার্থ চুরি করিত এবং কখন তাঁহার আহারীয় দ্রব্য ক্রয়করণার্থ ছদ্মবেশে ভ্রমণ করিত। তাহার অনেককাল পরে এই যে চোরেরা আপনারদের সম্ভ্রম বজায় রাখণের নিমিত্ত তিন লক্ষ টাকাপর্য্যন্ত পুরস্কার লইতে

hanged for stealing a cow, the value of thirty shillings.

95. *Siege of Calais.*

After a twelvemonth's siege of Calais, during which the inhabitants were reduced to the last extromity by famine and fatigue, the city was taken by Edward the III. Irritated by the long resistance he had encountered, he often declared, that when put in possession of the place, he would take signal vengeance on the inhabitants. It was therefore, not without great difficulty that he was persuaded to accept of their submission, only upon condition that six of the most considerable citizens should be sent to him to be disposed of as he thought proper. He gave orders that they should be led barefooted and bareheaded into his camp, with ropes about their necks, in the manner of criminals prepared for execution. On these conditions, he promised to

স্বীকৃত হইল না তাহারদের মধ্যে এক জন ৩০ টা কা মূল্যের এক গাবী চুরিকরণের অপরাধে ফাঁসী পাইল।

৯৫ কালেস নগর বেষ্টন করণ।

তৃতীয় এড্বার্ডনামক ইঙ্গলণ্ডের রাজা সম্বৎসরব্যাপিয়া কালেস নগর বেষ্টন করিলে নগরস্থেরা অনাহারে ও পরিশ্রমে যৎপরোনাস্তি ক্লান্ত হইলে রাজাকর্ত্তৃক ঐ নগর আক্রান্ত হইল। অপর বহুকালপর্য্যন্ত যে প্রতিবন্ধকতা করিয়াছিল তাহাতে রাজা রুষ্ট হইয়া পূর্ব্বে বারম্বার কহিয়াছিলেন যে নগর আক্রান্ত হইলে নগরস্থেরদিগকে বিলক্ষণ প্রতিফল দিব। পরে অনেক কষ্টে রাজাকে এতদ্রূপ লওয়ান গেলে তিনি আজ্ঞা করিলেন যে নগরের অতিমান্য ছয় ব্যক্তি আমার নিকটে প্রেরিত হইলে আমি ঐ ছয় জনের সঙ্গে যথেচ্ছ ব্যবহার করিয়া নগরস্থেরদের প্রাণ রক্ষা করিব। আরো আজ্ঞা করিলেন যে প্রাণদণ্ডের সময়ে দস্যুরদের বিষয়ে যেরূপ ব্যবহার হয় তদ্রূপ ইহা রা মুক্তমস্তকপাদ ও গলবদ্ধরজ্জু হইয়া আমার সম্মুখে আনীত হউক। এই অতি নির্দ্দয় আজ্ঞা

share the lives of all the romainder. The apparent cruolty of this requisition throw the inhabitants into the utmost distross. At last, one of the principal citizens, Eustace de St. Pierre, stepped forth, and declared himself willing to encounter death for the safety of his frionds and companions.

Five more successively followed his example. These six heroic men, marching out like criminals, laid the keys of the city at Edward's feet. But their submission did not appease his resentment, and he persisted in his resolution to send them to execution, till his queen, who was at the time in the camp, threw herself on her knees before him, and, with tears in her eyes, implored him to have mercy on those brave citizens. At her earnest intercession, they were set at liberty.

শুনিয়া নগরস্থেরা দুঃখার্ণবে মগ্ন হইল। পরিশে যে নগরনিবাসি যুস্তাস সেণ্ট পিয়রনামক অতি মান্য এক ব্যক্তি অগ্রসর হইয়া কহিলেন' যে আমার মিত্র ও প্রতিবাসি নগরস্থেরদের প্রাণ রক্ষার্থ আমি আপনার প্রাণ দিতে প্রস্তুত।

তৎপরে আর পাঁচ জনও তাঁহার সদৃশ উদ্যোগ করিলেন। এই ছয়টি সাহসিক পুরুষ অপরাধির ন্যায় নগরহইতে বহির্গত হইয়া এড্বার্ড রাজার পায়ের নিকটে নগরের চাবি রাখিলেন। কিন্তু তাঁহারদের এতদ্রূপ নম্র হওয়াতেও রাজার ক্রোধ শাম্য না হইয়া বরং পূর্ব্ব প্রতিজ্ঞানুসারে তাঁহার দের প্রাণ দণ্ড করিতে আজ্ঞা দিলেন কিন্তু রাণী তৎসময়ে ছাউনীতে ছিলেন তিনি রাজার নিকটে প্রাতিতজানু ও অশ্রুপুর্ণা হইয়া, ঐ সাহসিক ব্যক্তিরদের প্রাণ রক্ষার্থ অনেক বিনীতি করিলেন এবং রাণীর অত্যন্ত বিনয় বাক্যেতেই তাঁহারা মুক্ত হইলেন।

CONTENTS.

PART I.

	Page
1. Aristides, ...	4
2. Aristides's reply, ...	6
3. Aristides and the poet, ...	8
4. Solon, ...	8
5. Fabius and Hannibal, ...	10
6. The King of Persia, ...	12
7. Nourshirvan, ...	14
8. A Sovereign's duty, ...	14
9. Hakim the Caliph, ...	16
10. Fatal effects of a bribe, ...	18
11. The father and the son, ...	20
12. Henry of England, ...	24
13. Fire purifies every thing, ...	28
14. Supremacy of the Laws, ...	30
15. The Emperor of Russia, ...	32
16. Impartiality, ...	32
17. Paying for a Buck, ...	34
18. The Dutch and the Hottentots, ...	36
19. Thermopylæ, ...	40
20. Cæsar, ...	46
21. An English Earl, ...	48

নির্ঘণ্ট।

প্রথম ভাগ।

		পৃষ্ঠা
১	আরিষ্টৈডিস	৫
২	আরিষ্টৈডিসের উত্তর	৭
৩	আরিষ্টৈডিস ও কবি	৯
৪	সোলন	৯
৫	ফেবিয়স ও হানিবাল	১১
৬	পারসীদেশের বাদশাহ	১৩
৭	নোশিরবান	১৫
৮	রাজার নীতিকর্ম	১৫
৯	হাকিম কালিফ	১৭
১০	ঘুষের অশুভ ফল	১৯
১১	পিতা ও পুত্র	২১
১২	ইঙ্গলণ্ডদেশের হেন্‌রি	২৫
১৩	অগ্নিতে সকলের সংস্কার হয়	২৯
১৪	ব্যবস্থার মহিমা	৩১
১৫	রুস দেশের বাদশাহ	৩৩
১৬	অপক্ষপাতিতা	৩৩
১৭	হরিণের মূল্যদেওন	৩৫
১৮	হলণ্ডীয়েরা এবং হটেণ্টটেরা ...	৩৭
১৯	থরমোপীলে	৪১
২০	কাইসর	৪৭
২১	ইঙ্গলণ্ডদেশের কুলীন	৪৯

Page
22. A Spartan, ... 48
23. General Meadows, ... 50
24. Combat with a lion, ... 50
25. Conflict at sea, ... 52
26. The Dey of Algiers, ... 54
27. Sailor's wife, ... 58
28. Courage of a soldier, ... 60
29. Fighting Quaker, ... 62
30. Fidelity to a fallen master, ... 62
31. Astonishing tenderness of the female sex, ... 66
32. Fidelity of servants, ... 68
33. Damon and Pythias, ... 70
33. Royal Guardian, ... 76
34. The king and the hawk, ... 78
35. A Faithful Servant, ... 82
36. Singular Fidelity, ... 84
37. Changing one's religion, ... 86
38. Columbus, ... 86
39. Faithfulness of a servant, ... 88
40. Roman Captives, ... 90
41. Honourable Reply, ... 92
42. Astonishing instance of fidelity, ... 96
43. School boy friendship, ... 98
44. A singular legacy, ... 100
45. Swiss soldiers, ... 106
46. Candid culprit, ... 108
47. King Agrippa, ... 110
48. Filial Piety, ... 112

পৃষ্ঠা

২২ স্পার্টাদেশীয় ৪৯
২৩ জেনরেল মেডোস ৫১
২৪ সিংহের সঙ্গে সংগ্রাম ৫১
২৫ সমুদ্রের উপরে যুদ্ধ ৫৩
২৬ আলজির্সের রাজা ৫৫
২৭ মল্লার স্ত্রী ৫৯
২৮ সৈন্যের সাহস ৬১
২৯ দেয়াম্ কোএকর ৬৩
৩০ পতিত প্রভুর প্রতি ভক্তি ৬৬
৩১ স্ত্রীবর্গের আশ্চর্য্য কোমলান্তঃকরণ ৬৭
৩২ চাকরের বিশ্বস্ততা ৬৯
৩৩ ডামন ও পিথিয়স ৭১
৩৩ রাজকীয় টর্গি ৭৭
৩৪ বাদশাহ ও শ্যেনপক্ষী ৭৯
৩৫ বিশ্বস্ত ভৃত্য ৮৩
৩৬ অত্যাশ্চর্য্য বিশ্বস্ততা ৮৫
৩৭ মতপরিবর্ত্তন করণ ৮৭
৩৮ কলম্বস্ ৮৭
৩৯ চাকরের বিশ্বস্ততা ৮৯
৪০ রোমাণেরদের যুদ্ধলব্ধ সৈন্য ৯১
৪১ সম্ভ্রমজনক প্রত্যুত্তর ৯৩
৪২ আশ্চর্য্য বিশ্বস্ততা ৯৭
৪৩ সম্মাধ্যারির মিত্রতা ৯৯
৪৪ আশ্চর্য্য সোপাধিক দান ১০২
৪৫ সুইসদেশীয় সৈন্য ১০৭
৪৬ সরল দস্যু ১০৯
৪৭ আগ্রিপা রাজা ১১২
৪৮ মাতৃভক্তি ১১৩

Page
49. Bajazet, ... 114
50. John, king of France, ... 116

PART II.

51. The tears of Edward, ... 124
52. Magnanimous Criminal, ... 126
53. French Gaiety, ... 126
54. Lord Howe, ... 126
55. General Vallubert, ... 130
56. Scotch Pirate, ... 132
57. Magnanimous peasant, ... 132
58. Lady Russel, ... 136
59. Desertion, ... 140
60. The fatal effect of sleep, ... 142
61. Hapless Union, ... 148
62. Public Treasurer, ... 150
63. The Palanquin bearers of Madras, ... 152
64. Cardinal Ximenes, ... 156
65. Dr. Mead, ... 158
66. Horatius Cocles, ... 162
67. Simonides, ... 166
68. Reply of a little boy, ... 166
69. Perseverance, ... 168
70. Reply of a poor Arab, ... 174
71. Roman Law, ... 176

পৃষ্ঠা।
৪৯ রাজাজেট ১১৫
৫০ ফ্রান্সদেশের রাজা জাজ ১১৭

দ্বিতীয় ভাগ।

৫১ এডুার্ডের অশ্রুপাত ১২৫
৫২ অতি মহাত্মাপরাধী ১২৭
৫৩ ফ্রান্সদেশীয় রসিকতা ১২৯
৫৪ লর্ড হো ১২৯
৫৫ বালহুবর্টনামক সেনাপতি ১৩১
৫৬ স্কটলণ্ডদেশীয় বোম্বেটিয়া ১৩৩
৫৭ মহাত্মা কৃষ্ণ ১৩৩
৫৮ লেডি রসল ১৩৭
৫৯ সৈন্যের ছাউনীহইতে পলায়ন ১৪২
৬০ ঘুমের অশুভ ফল ১৪৩
৬১ অশুভ বিবাহ ১৪৯
৬২ সরকারী খাজাঞ্চি ১৫১
৬৩ মান্দ্রাজের পালকির বেহারা ১৫৩
৬৪ কার্ডিনাল জিমিনিস ১৫৫
৬৫ ডাক্তর ডিম ১৫৯
৬৬ হোরেসিয়স কক্লিস ১৬৩
৬৭ সিমনিদিস ১৬৭
৬৮ ক্ষুদ্র বালকের উত্তর ১৬৭
৬৯ স্থিরপ্রতিজ্ঞতা ১৬৯
৭০ দরিদ্র আরবের উত্তর ১৭১
৭১ রোমাণীয় ব্যবস্থা ১৭১

Page
72. Remedy against Discontent, ... 172
73. Thirst for riches, ... 172
74. Punishment of Impiety, ... 174
75. Alexander the Great, ... 176
76. Pertinent reasoning of a peasant, ... 178
77. Beerbhur, ... 180
78. The Caliph Hegiage, ... 182
79. Pyrrhus, ... 184
80. Philopemen, ... 186
81. A just reply, ... 188
82. The Emperor Aurelian, ... 188
83. Wisdom of Antigonus, ... 190
84. Miraculous shot, ... 190
85. Astonishing reward of industry, ... 194
86. Sir John Purcell, ... 198
87. Coolness of Frederick the Great, ... 206
88. Intrepid Bishop, ... 210
89. Buktiyar Khullijy, ... 210
90. Muley Mooluk, ... 216
91. Sir Isaac Newton, ... 218
92. Drinking up the Sea, ... 220
93. Lord Stair and Louis XV. 224
94. Honour, ... 226
95. Siege of Calais, ... 228

THE END.

		পৃষ্ঠা
৭২	অসন্তোষের ঔষধ	১৭৩
৭৩	ধনাকাঙ্ক্ষিতা	১৭৩
৭৪	অত্যন্ত লোভের প্রতিফল	১৭৫
৭৫	সেকন্দর শাহ	১৭৭
৭৬	কৃষকের যুক্তি	১৭৯
৭৭	বীরবর	১৮১
৭৮	হেজিয়াজ কালেফ	১৮৩
৭৯	পিরস রাজা	১৮৫
৮০	ফিলোপিমেন	১৮৭
৮১	যথার্থ উত্তর	১৮৯
৮২	অরিলিয়ননামক বাদশাহ	১৮৯
৮৩	আন্তিগনসনামক সেনাপতির বিবেচনা ...	১৯১
৮৪	বন্দুকের আশ্চর্য্য লক্ষ	১৯১
৮৫	পরিশ্রমের আশ্চর্য্য ফল	১৯৫
৮৬	সর জন পসল	১৯৯
৮৭	মহা ফ্রেড্রিকের অনুপম স্থিরতা	২০৭
৮৮	সাহসিক ধর্ম্মাধ্যক্ষ	২১১
৮৯	বক্তিয়ার খলেজী	২১১
৯০	মুলিমুসক	২১৭
৯১	সর আইজক নিউটন	২১৯
৯২	সমুদ্র পানকরণ	২২১
৯৩	লাড ষ্টের ও পঞ্চদশ লুইশ রাজা ...	২২৫
৯৪	সড্রম	২২৭
৯৫	কলিসম নগর বেষ্টন করণ	২২৯

সমাপ্ত।

IMPERIAL LIBRARY